তদনন্তর আমি অনুরক্ত মনে তাঁহাকে প্রণাম করিলে তিনি আমাকে সৃষ্ট্যর্থ নিজ স্বরূপভূত অষ্টদশাক্ষর মন্ত্র প্রদান করিয়া অন্তর্হিত হইলেন। তৎপরে আমি তদাজ্ঞা বশবর্ত্তী হইয়া জগৎ সৃজনার্থ ইচ্ছুক হইলে তিনি পুনর্ব্বার আমার অগ্রে অষ্টাদশাক্ষর মন্ত্রের অক্ষরেতে ভবিষ্যৎ জগৎ প্রকাশ করিবার নিমিত্ত প্রাদুর্ভূত হইলেন। অনন্তর আমার ভবিষ্যৎ জগৎ গোচরীভূত হইলে পূর্ব্বোক্ত অষ্টাদশাক্ষর মন্ত্রে সৃষ্টি করিতে প্রবৃত্ত হই। ককার হইতে জল, লকার হইতে পৃথিবী, ঈকার হইতে অগ্নি এবং অনুস্বার হইতে চন্দ্র সৃষ্টি করিলাম অর্থাৎ ইহাদের সম্পাত রূপ ক্লীঁবীজ হইতে জল, অগ্নি ও চন্দ্রের সৃষ্টি হইল। তদনন্তর কৃষ্ণায় এই পদ হইতে আকাশ সৃজন করিলাম এবং আকাশ হইতে অর্থাৎ চিদাকাশ হইতে শব্দ সমূহের বোধ সৌকর্য্যার্থ গোবিন্দায় পদ দ্বারা বায়ু সৃষ্টি করিলাম। তৎপশ্চাৎ গোপীজন বল্লভায় এই দুই পদ হইতে কামধেনু ও চতুর্দ্দশ বিদ্যার প্রাদুর্ভাব হইল। এবং স্বাহা হইতে স্ত্রী, পুরুষ, ক্লীব ও স্থাবর জঙ্গম প্রকাশ করিলাম। দ্বিরুক্তি তৃতীয়োপনিষৎ সমাপ্তি জন্য। ইতি পাদ, পঞ্চপদ মন্ত্রের সৃষ্টি সমাপ্তি নিমিত্ত ॥ ২৮ ॥

পরন্তু কেবল সৃষ্টি সামর্থ্য প্রদই যে এই মন্ত্র এমত নয় অপিতু ভগবান্ শঙ্করেরও জ্ঞান প্রদ হইয়াছে। যথা। (এতস্যৈব যজনেনেতি)

মূ এতস্যৈব যজনেন চন্দ্রধ্বজ গতমোহমাত্মানংবেদ ইত্যো-
ঙ্কারান্তরালিকং মনুমাবর্ত্তয়েৎ সঙ্গরহিতো হভ্যানয়ৎ॥ ২৯

ন কেবলং সৃষ্টি সামর্থ্যপদ এবায়ং মন্ত্রোঽপিতু মহেশ্বরস্যাত্মজ্ঞান প্রদোপীত্যাহ, এতস্যৈবেতি। 'এতস্যৈব, পঞ্চপদস্যৈব, 'যজনেন, চন্দ্র ধ্বজঃ, নাম চন্দ্রমৌলিরীশ্বরঃ 'গতমোহং, যথাস্যাত্তথা, 'আত্মানং. 'বেদ, বুবুধে, 'ইতি, কারণাৎ, ইদানীন্তনঃ 'ওঙ্কারান্তরালিকং, প্রণব সম্পুটিতং 'মনুম্, অষ্টাদশাক্ষরং, 'সঙ্গরহিতঃ, 'আবর্ত্তয়েৎ,। আবর্ত্তনেন অপ্রত্যক্ষং পরমাত্মানম্ 'অভ্যানয়ৎ, আনয়ৎ ইত্যর্থঃ॥ ২৯॥

এই পঞ্চপদ—অষ্টাদশাক্ষর মন্ত্রের যজন দ্বারা চন্দ্রমৌলি মহেশ্বর গত মোহ হইয়া আত্মাকে অবগত হইয়া ছিলেন, এবং অপ্রত্যক্ষ পরমাত্মাকেও প্রত্যক্ষ করিয়াছিলেন। অত-এব ইদানীন্তন মানবগণ নিষ্কাম—চিত্তে প্রণব পুটিত করিয়া অষ্টাদশাক্ষর মন্ত্র জপ করিবেন॥ ২৯॥

ব্রহ্মা মুনিগণের প্রতি পরমাত্মার স্বরূপ বিস্তার করি তেছেন। যথা। (তদ্বিষ্ণোরিতি)

মূ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ। দিবীব চক্ষু-
রাততং তস্মাদেনং নিত্যমভ্যসেন্নিত্যমভ্যসেদিতি॥ ৩০॥

পরমাত্ম স্বরূপং বিবৃনোতি, তদ্বিষ্ণোরিতি। 'তৎ, প্রসিদ্ধং, 'বিষ্ণোঃ, 'পদং, পদনীয়স্বরূপং 'দিবি, ইতি বিদ্যোতনাত্মকে স্বরূপে, 'সূরয়ঃ, জ্ঞানিনঃ, সদাপশ্যন্তি,। কীদৃশং পদং, 'চক্ষুঃ, 'ইব, চষ্টেতি চক্ষুঃ প্রকা-শমেবেত্যর্থঃ। পুনঃ কীদৃশং পদং, 'আততং, ব্যাপকম্। উপসংহরতি, তস্মাদিতি। 'তস্মাৎ, বিষ্ণুপ্রাপ্তি হেতুত্বাৎ 'এনং, অষ্টাদশাক্ষরং মন্ত্রং, 'নিত্যমভ্যসেৎ,। অভ্যাসঃ চতুর্থোপনিষৎ সমাপ্ত্যর্থঃ॥ ৩০॥

জ্ঞানিগণ প্রসিদ্ধ বিষ্ণুর পরম পদকে গগণে বিস্তৃত চক্ষুর ন্যায় অর্থাৎ সূর্য্য সদৃশ অবলোকন করেন। অতএব বিষ্ণুপাদ

প্রাপ্তির কারণস্বরূপ অষ্টাদশাক্ষর মন্ত্র নিত্য জপ করিবে। দ্বিরুক্তি চতুর্থ উপনিষৎ সমাপ্তি জন্য ॥ ৩০ ॥

অনন্তর মন্ত্রান্তর দ্বারা পঞ্চপদ হইতে জগতের সৃষ্টি নিরূপণ করিতেছেন। যথা। (তদাহুরেকে ইতি)

মূ তদাহুরেকে যস্য প্রথম পদাদ্ভূমি র্দ্বিতীয় পদাজ্জলং তৃতীয় পদাত্তেজঃ চতুর্থ পদাদ্বায়ুশ্চরমাদ্ব্যোম ইতি বৈষ্ণবং পঞ্চব্যাহৃতিময়ংমন্ত্রং কৃষ্ণাবভাসংকৈবল্যসৃত্যৈ সতত মাবর্ত্তয়েদিতি ॥ ৩১ ॥

মূ তদত্র গাথাঃ। যস্য পূর্ব্বপদাদ্ভূমি র্দ্বিতীয়াৎ সলিলোদ্ভবঃ। তৃতীয়াত্তেজ উদ্ভূতং চতুর্থাদ্ গন্ধবাহনঃ ॥ ৩২ ॥

মূ পঞ্চমাদম্বরোৎপত্তি স্তমেবৈকং সমভ্যসেৎ।
চন্দ্রধ্বজো হগমদ্বিষ্ণোঃ পরমংপদমব্যয়ং ॥ ৩৩ ॥

অথ মন্ত্রান্তরেণ পঞ্চপদেভ্যো জগৎ সৃষ্টিং নিরূপয়তি, তদাহুরেকে ইতি। ‘তৎ, তত্র অষ্টাদশাক্ষরে, ‘একে, মুনয়ঃ, ‘আহুঃ,। ‘প্রথমপদাৎ ভূমিঃ। ‘দ্বিতীয় পদাৎ জলং,। ‘তৃতীয় পদাৎ ‘তেজঃ,। চতুর্থ পদাৎ ‘বায়ুঃ,। ‘চরমাদ্ব্যোম,। ‘ইতি, ‘বৈষ্ণবং, ‘পঞ্চব্যাহৃতয়ঃ, পঞ্চপদানি, তন্ ‘ময়ং, ‘মন্ত্রং, ‘কৃষ্ণ, স্বরূপ প্রকাশকং ‘কৈবল্যস্য মোক্ষস্য, ‘সৃত্যৈ, মার্গায়, ‘সততং ‘আবর্ত্তয়েৎ, অভ্যাসেৎ ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥

বৎস সকল! অষ্টাদশাক্ষর মন্ত্রের বিবরণ বলি শ্রবণ কর। উক্ত মন্ত্রের প্রথম পদ হইতে ভূমি, দ্বিতীয় পদ হইতে জল, তৃতীয় পদ হইতে তেজঃ, চতুর্থ পদ হইতে বায়ু, চরম পদ হইতে ব্যোমের সৃষ্টি হইয়াছে। অতএব মুক্তি মার্গে গমনার্থ কৃষ্ণ মূর্ত্তি প্রকাশক পঞ্চ--পদাত্মক বৈষ্ণব মন্ত্র নিত্য জপ করিবে। ৩১।

উক্ত বিষয়ে সৃষ্টি বিধায়ক শ্লোক সকল যথা। যাহার প্রথম পদ হইতে ভুমি, দ্বিতীয় পদ হইতে জল, তৃতীয় পদ হইতে তেজঃ, চতুর্থ পদ হইতে বায়ু, ॥ ৩২ ॥

পঞ্চম পদ হইতে আকাশ উৎপন্ন হইল। একারণ এই এক মন্ত্রই জপ করিবে। উল্লিখিত মন্ত্রের অভ্যাস দ্বারা চন্দ্রমৌলি মহেশ্বর বিষ্ণুর উৎক্রৃষ্ঠ অব্যয় পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৩ ॥

মূ ততোবিশুদ্ধং বিমলং বিশোকমশেষ
লোভাদি নিরস্তসঙ্গম্। যত্তৎপদং পঞ্চ
পদং তদেব স বাসুদেবো ন যতোঽন্যদস্তি ॥ ৩৪ ॥

ততোবিশুদ্ধমিতি। ততঃ কারণাৎ, বিশুদ্ধাদি গুণোপেতং তৎ প্রসিদ্ধং যৎ পদং পদনীয় স্বরূপং, তৎ পদং পদমেব পঞ্চধা গুণিতং পদং পঞ্চ পদং ইতি বিগ্রহঃ। বিশুদ্ধং মনস্তাপরহিতং অশেষাঃ লোভাদয়ঃ তেষাং নিরস্তঃ সঙ্গঃ যস্মিন্ বিশুদ্ধাদি গুণকং পদমেব। বাসুদেবঃ বসত্যস্মিন্নিতি বাসুঃ, স চাসৌ দেবশ্চেতি বাসুদেবঃ। যতঃ বাসুদেবাৎ অন্যৎ কিঞ্চিৎ নাস্তি ॥ ৩৪ ॥

অতএব বিশুদ্ধ সত্ত্বাদি গুণযুক্ত যে পদ তাহাই পঞ্চধা গুণিত হইয়াছে। যিনি জ্ঞানময়, জ্যোতিঃ স্বরূপ, অবিদ্যামল রহিত, মনস্তাপ শুন্য এবং অশেষ রাগাদি সঙ্গ বিরহিত, কেবল বিশুদ্ধ গুণযুক্ত, তিনিই বাসুদেব তাহাঁ ভিন্ন আর অন্য কিছুই নাই ॥ ৩৪ ॥

এনিমিত্ত পঞ্চ পদাত্মক সেই বাসুদেবকেই আমি স্তব করি। যথা। (তমেক মিতি)

মূ তমেকং গোবিন্দং সচ্চিদানন্দ বিগ্রহং পঞ্চ
পদং বৃন্দাবন সুরভূরুহ তলাসীনং সততং

সমরুদ্গণোঽহং পরময়া স্তুত্যা তোষয়ামি ॥ ৩৫ ॥

অতঃ পঞ্চপদাত্মকং বাসুদেবমেবাহং স্তৌমীত্যাহ, তমেকমিতি। তং বিশুদ্ধ পদাত্মকম্ একং সজাতীয় বিজাতীয় স্বগত ভেদ রহিতং সচ্চিদানন্দ, পদাত্মকস্বরূপং গোবিন্দং পঞ্চপদাত্মকং বৃন্দাবনে সুরভূরুহাঃ, কল্পবৃক্ষাঃ তেষাং তলে আসীনং সততং নিরন্তরং সমরুদ্গণঃ অহং ব্রহ্মা পরময়া স্তুত্যা তোষয়ামি, ॥ ৩৫ ॥

যিনি সজাতীয় বিজাতীয় ও স্বগত ভেদ রহিত হইয়া সচ্চিদানন্দময় মূর্ত্তি প্রকটন পূর্ব্বক বৃন্দাবনস্থ কল্পতরু মূলে অধ্যাসীন আছেন, সতত আমি মরুদ্গণের সহিত পরমা স্তুতি দ্বারা পঞ্চপদাত্মক সেই গোবিন্দ দেবের সন্তোষ উৎপাদন করি ॥ ৩৫ ॥

ব্রহ্মা দ্বাদশ মন্ত্র দ্বারা বাসুদেবকে স্তব করিতেছেন। যথা। (ওঁ নমঃ ইতি)

মু　ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৬ ॥
নমো বিজ্ঞানরূপায় পরমানন্দ রূপিণে।
কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৭ ॥
নমঃ কমলনেত্রায় নমঃ কমল মালিনে।
নমঃ কমলনাভায় কমলা পতয়ে নমঃ ॥ ৩৮ ॥
বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে।
রমা মানস হংসায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৯ ॥
কংস বংশ বিনাশায় কেশিচানুর ঘাতিনে।
বৃষভধ্বজ বন্দ্যায় পার্থসারথয়ে নমঃ ॥ ৪০ ॥
বেণুবাদন শীলায় গোপালায়াহি মর্দ্দিনে।
কালিন্দী কূললোলায় লোল কুণ্ডল ধারিণে ॥ ৪১ ॥

বল্লবী বদনাম্ভোজ মালিনে নৃত্য শালিনে।
নমঃ প্রণত পালায় শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৪২ ॥
নমঃ পাপ প্রণাশায় গোবর্দ্ধন ধরায়চ।
পূতনা জীবিতান্তায় তৃণাবর্ত্তাসু হারিণে ॥ ৪৩ ॥
নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধবৈরিণে।
অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৪৪ ॥
প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর।
আধিব্যাধি ভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো ॥ ৪৫ ॥
শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজনমনোহর।
সংসার সাগরে মগ্নং মামুদ্ধর জগদ্‌গুরো ॥ ৪৬ ॥
কেশব ক্লেশ হরণ নারায়ণ জনার্দ্দন।
গোবিন্দ পরমানন্দ মাংসমুদ্ধর মাধব ॥ ৪৭ ॥

বাসুদেব স্তুতিমাহ ওঁ নম ইতি দ্বাদশ মন্ত্রৈঃ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥

ব্রহ্মা স্তব করত কহিলেন হে ভগবন্! তুমি বিশ্বগত সমস্ত বস্তু রূপী, তোমা হইতেই বিশ্বের সৃষ্টি স্থিতি লয় হইয়া থাকে, অতএব তুমিই বিশ্বের অধীশ্বর ও বিশ্বাত্মক গোবিন্দ তোমাকে নমস্কার করি ॥ ৩৬ ॥

প্রভো! তুমি জ্ঞানময় পরমানন্দ স্বরূপ শ্রীকৃষ্ণ, তুমিই গোপীজনের নাথ ও গোবিন্দ, তোমাকে নমস্কার করি ॥ ৩৭ ॥

ভগবন্! তোমার নেত্রদ্বয় পদ্ম পলাশবৎ প্রসন্ন, গল-দেশে পদ্ম মালা, আর লোকময় পদ্ম তোমার নাভিদেশে বর্ত্তমান, ইহাতে তুমি কারণ স্বরূপ ও কমলাপতি তোমাকে নমস্কার করি ॥ ৩৮ ॥

প্রভো! ময়ূরপুচ্ছ চূড়া দ্বারা তোমার মস্তক বিভূষিত, তুমি মনোরম, তোমার বুদ্ধির কুণ্ঠতা নাই, তুমিই লক্ষ্মীর মান হংস রূপী গোবিন্দ, তোমাকে নমস্কার করি ॥ ৩৯ ॥

ভগবন! তুমিই কংসাসুরের বংশ সংহার করিয়াছ, তোমার হস্তেই কেশি চানুর প্রভৃতি দানব কুল নিহত হয়, মহেশ্বর তোমারই চরণে প্রণত হইয়া থাকেন, সখ্য নিবন্ধন তুমিই অর্জ্জুনের সারাথ্য কর্ম্ম স্বীকার করিয়াছিলে, অতএব আমি তোমার চরণে প্রণাম করি ॥ ৪০ ॥

হে দেব! তুমি সতত বেণু বাদনে তৎপর, এবং গোপাল রূপে অঘাসুর বিনষ্ট করিয়া ছিলে। অপর তুমি কালিন্দী কুলেই সতৃষ্ণ, এবং তোমার কর্ণে চঞ্চল কুণ্ডল বিরাজ মান ॥ ৪১ ॥

অপিচ তোমার সর্ব্বাঙ্গে গোপাঙ্গনা কুলের বদন কমল মালা রূপে শোভা বিস্তার করিয়াছে, তুমি নৃত্য করণার্থ সতত সমুৎসুক ও প্রণত জনবৃন্দের প্রতিপালক, তোমাকে নমস্কার করি ॥ ৪২ ॥

প্রভো! তুমি পাপনাশন, গোকুল পরিত্রাণার্থ গোবর্দ্ধন ধারণ করিয়াছিলে। তোমা হইতেই পূতনার জীবনান্ত ও তৃণাবর্ত্তের প্রাণ সংহার হয় ॥ ৪৩ ॥

অপর তুমি নিষ্কল অথচ তোমা হইতেই সকলের মোহ হইয়া থাকে, তুমি স্বয়ং শুদ্ধ এবং অশুদ্ধের বৈরি, তোমাকে নমস্কার করি ॥ ৪৪ ॥

হে পরমানন্দ! হে পরমেশ্বর! আমার প্রতি প্রসন্ন হও। আমি আধি ব্যাধি রূপ ভুজঙ্গ কর্ত্তৃক দষ্ট হইয়াছি আমাকে উদ্ধার কর ॥ ৪৫ ॥

হে শ্রীকৃষ্ণ ! হে রুক্মিণীকান্ত ! হে গোপীজন মনোহর ! হে জগদগুরো ! আমি সংসার সাগরে নিমগ্ন হইয়া রহিয়াছি আমাকে উদ্ধার কর ॥ ৪৬ ॥

হে কেশব! হে ক্লেশনাশন ! হে নারায়ণ ! হে জনার্দ্দন ! হে গোবিন্দ ! হে পরমানন্দ ! হে মাধব ! আমাকে উদ্ধার কর ॥ ৪৭ ॥

স্তুতিগুলি প্রত্যেকই মন্ত্র, ইহা জানাইবার নিমিত্ত ব্রহ্মা কহিলেন যথা। (অথৈবমিতি)

মূ অথৈবং স্তুতিভিরারাধয়ামি যথা যূয়ং
তথাপঞ্চদং জপন্তঃ শ্রীকৃষ্ণং ধ্যায়ন্তঃ
সংসৃতিং তরিষ্যতি হোবাচ হৈরণ্যঃ ॥ ৪৮ ॥

অথাহং স্তুতিভিরারাধয়ামি ভগবন্তং মন্ত্র প্রবৃত্তি সিদ্ধার্থমিত্যাহ অথৈবমিতি। অথ অস্মিন্ তুষ্টেঽপি এবং পূর্ব্বোক্তাভিঃ অহং পরমেশ্বরং যথা আরাধয়ামি পঞ্চপাদং জপন্তঃ যূয়ং তথা তেন প্রকারেণ শ্রীকৃষ্ণং ধ্যায়ন্তঃ সংসৃতিং সংসার সমুদ্রং তরিষ্যথ ইতি হিরণ্যজঃ ব্রহ্মা মুনীন্ প্রতি উবাচ ইত্যর্থঃ ॥ ৪৮ ॥

বৎসগণ ! পরমেশ্বর তুষ্ট হইলে আমি যেমন স্তুতি দ্বারা স্তব করি, তদ্রূপ তোমরা পঞ্চপাদ মন্ত্রের জপ ও পূর্ব্বোক্ত ধ্যান দ্বারা শ্রীকৃষ্ণের ধ্যান করিলে সংসার হইতে মুক্ত হইবা।

অনন্তর শ্রুতি আমাদের প্রতি দয়া প্রকাশ করিয়া কহিতেছেন। যথা। (অমুং পঞ্চপদ মিতি)

মূ অমুং পঞ্চপদং মন্ত্রমাবর্ত্তয়েৎ যঃ স যাত্যনায়াসতঃ কেবলং তৎপদং তৎ। অনেজদেকং মনসো জবীয়ো নৈতদ্দেবা আপ্নুবন্ পুর্ব্বমর্শদিতি ॥ ৪৯ ॥

অথ দয়াবতী শ্রুতিরস্মান্ প্রত্যাহ। 'অমুং বাসুদেবাত্মকং পঞ্চপদ মন্ত্রং আবর্ত্তয়েৎ সঃ অনায়াসতঃ কেবলং শুদ্ধং তৎ বাসুদেবাখ্যং তৎ প্রসিদ্ধং পদং যাতি। উক্তং পদং মন্ত্রেণ বিশদয়তি। এজনং কম্পনং স্বাবস্থান প্রচ্যুতিঃ তদ্বর্জ্জিতমং সর্ব্বদৈব একরূপমিত্যর্থঃ। তথা সর্ব্বভূতেষু একং। মনসো জবীয় ইতি। মনসঃ অপি বেগবত্তরম্। এতৎপদং দেবা দ্যোতন করণাঃ চক্ষুরাদীন্দ্রিয়াণি ন আপ্নুবন্ ন প্রাপ্নুবন্তঃ। চক্ষুরাদি প্রবৃত্তের্মনো ব্যাপার পূর্ব্বত্বাৎ মনসঃ অপি জবীয়ঃ ন তচ্চক্ষুরাদি গম্যম্ ইত্যর্থঃ। মনসোঽপি জবীয়স্ত্বে হেতুমাহ পূর্ব্বমর্শদিতি। ক্ষণ মাত্রাৎ ব্রহ্মলোকাদিকং সংকল্পয়তঃ মনসঃ অবভাসকং সাক্ষি মনসোঽপি পূর্ব্বং ব্রহ্মলোকাদিকং প্রতি অর্শৎ প্রাপ্তং ব্যোম বৎ ব্যাপিত্বাৎ ইত্যর্থঃ ইতি শব্দো মন্ত্র সমাপ্ত্যর্থঃ ॥ ৪৯ ॥

যে ব্যক্তি এই বাসুদেবাত্মক পঞ্চপদ মন্ত্রের আবর্ত্তন অর্থাৎ জাপ করেন, অনায়াসে তিনি বিশুদ্ধ বাসুদেবাখ্য প্রসিদ্ধ পদ প্রাপ্ত হয়েন। উক্ত পদই মন্ত্র স্বরূপ। যিনি স্থিরতর ও মন অপেক্ষাও দ্রুতগামী এবং যাঁহাকে চক্ষুরাদি ইন্দ্রিয়গণ প্রাপ্ত হয় না, যে হেতু তিনি তাহাদেরও অগ্রবর্ত্তী হইয়াছেন ॥ ৪৯ ॥

মূ তস্মাৎ কৃষ্ণএব পরোদেবস্তংধ্যায়েত্তং রসয়েত্তং যজেত্তং ভজেদিতি ওঁ তৎসদিতি ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি পূর্ব্বতাপনী শ্রীকৃষ্ণোপনিষৎ সমাপ্তা ॥ * ॥

অতঃ সর্ব্বোৎকৃষ্টত্বাৎ ধ্যানরসন ভজনাস্তস্যৈব কর্ত্তব্যানি ইত্যুপ সংহরতি। তস্মাৎ অবিলুপ্তচিদেকরসত্বাৎ কৃষ্ণএবপরোদেবঃ তং ধ্যায়েৎ তং রসয়েৎ তংযজেৎ তংভজেৎ প্রেম পূর্ব্বকমারাধয়েৎ। কীদৃশম্ ওঁ তৎ সৎ শব্দত্রয় প্রতিপাদ্যম্ ইত্যর্থঃ। ইতি শব্দঃ পূর্ব্বতাপনী সমাপ্ত্যর্থঃ। তদুক্তং গীতায়াং ভগবতা। "ও তৎ সদিতি নির্দ্দেশো ব্রহ্মণ স্ত্রিবিধঃ স্মৃতঃ ॥ ৫০ ॥

ইতি শ্রীবিশ্বেশ্বর বিরচিতায়াং গোপালতাপনী টীকায়াং গোপীনাথস্য ধ্যান রসন ভজন নিরূপণং নাম পূর্ব্বতাপনীয়োপনিষট্টীকা সমাপ্তা ॥*॥

অতএব এক শ্রীকৃষ্ণই সর্ব্বোৎকৃষ্ট পরব্রহ্ম এনিমিত্ত তাঁহার ধ্যান রসন ও ভজন কর্ত্তব্য। যথা - (তস্মাদিতি)

অবিলুপ্ত চিন্ময় রস স্বরূপ শ্রীকৃষ্ণই পরমদেব একারণ তাঁহার ধ্যান তাঁহার রসন এবং তাঁহার অর্চ্চন করিবে অর্থাৎ প্রেম পূর্ব্বক ভজন করিবেক, যে হেতু তিনিই ওঁ তৎ সৎ এই তিন শব্দের প্রতিপাদ্য ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি গোপালতাপন্যাং শ্রী রামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায়াং ।---

॥ * ॥ পূর্ব্বতাপনী কৃষ্ণোপনিষৎ সমাপ্তা॥ * ॥

গোপালৈশ্বর্য্য প্রখ্যাম্বিকাখ্যায়িকা।

গোপালতাপন্যাং

উত্তর ভাগঃ।

পূর্ব্বতাপনীতে উক্ত হইয়াছে যে গোপীনাথের ধ্যান রসন ও ভজন দ্বারা নির্ম্মলান্তঃ করণ ভক্তগ জনের সম্বন্ধে বাসু- দেবই মোক্ষপ্রদ অন্য কেহ মুক্তি দাতা নাই। ব্রহ্মা ইহা দেখাইবার নিমিত্ত তাঁহার করা না করা অথবা অন্যথা করা রূপ ঐশ্বর্য্য জ্ঞাপিকা আখ্যায়ি কারচনা করিতেছেন। যথা— (একদাহীতি)

মূ একদাহি ব্রজস্ত্রিয়ঃ সকামাঃ শর্ব্বরীমুষিত্বা সর্ব্বে- শ্বরং গোপালং কৃষ্ণমূচিরে উবাচ তাঃ কৃষ্ণঃ ॥ ১ ॥

পূর্ব্বতাপন্যাং গোপীনাথস্য ধ্যানরসন ভজনৈঃ সুনিষ্পন্ন চিত্তস্য বাসুদেবএব মোক্ষদো নান্যইতি দর্শয়িতুং তস্য কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তু মৈশ্বর্য্য প্রখ্যাপিকামাখ্যায়িকাং বোধসৌকর্য্যার্থমারচয়তি একদাহীতি একদা একস্মিন্ কালে ব্রজস্ত্রিয়ঃ গোপিকাঃ সকামাঃ শর্ব্বরীং রাত্রীং কৃষ্ণং প্রতি বক্ষ্যমাণমর্থং ঊচিরে সন্নিধৌ উষিত্বা। সর্ব্বেশ্বরম্ ইতি নৃসিংহাদিব্যাবৃত্ত্যর্থমুক্তং। গোপালম্ ইতি বলদেব ব্যাবৃত্ত্যর্থং। কৃষ্ণ মিতি। কৃষ্ণং প্রতি বক্ষ্যমাণমর্থং ঊচিরে কৃষ্ণশ্চ তাঃ প্রতি বক্ষ্যমাণ মর্থম্ উবাচ ইত্যর্থঃ॥ ১ ॥

একদা ব্রজস্ত্রগণ শ্রীকৃষ্ণের সমীপে রাত্রি বাসকরিয়া বক্ষ্যমাণ ক্রমে সর্ব্বেশ্বর গোপালকে কহিলে শ্রীকৃষ্ণও তাঁহাদি- বক্ষ্যমাণ ক্রমে বলিয়াছিলেন ॥ ১ ॥

ব্রহ্মা সামান্যতঃ আখ্যায়িকা সূচনাকরিয়া বিশেষ রূপে তাহা প্রদর্শনার্থ প্রথমতঃ ব্রজরামাগণের বচনাবলী বলিতে- ছেন। যথা। (অনু কস্মৈইতি)

মূ অনু কস্মৈ ব্রাহ্মণায় ভক্ষ্যং দাতব্যং ভবতি দুর্ব্বা সসেতি ॥ ২ ॥

সামান্যত আখ্যায়িকাং সূচয়িত্বা বিশেষতস্তাং দর্শয়িষ্যন্ আদৌ স্ত্রীণাং বচনমাহ অনুকস্মৈ ইতি। অনুকস্মৈ ব্রাহ্মণায় ব্রাহ্মণমনু লক্ষীকৃত্য ভক্ষ্যং দাতব্যং ভবতি যেন মনস্থিতাঃ কামাঃ পূর্ণাভবন্তী- তিশেষঃ। কৃষ্ণবচনমাহ। দুর্ব্বাসসে দাতব্যমিতিশেষঃ চ্ছান্দসত্বাৎ সন্ধিঃ ॥ ২ ॥

ব্রজ—স্ত্রীগণ জিজ্ঞাসা করিলেন, কৃষ্ণ! কীদৃশ ব্রাহ্মণকে লক্ষ্য করিয়া ভক্ষ্য দেয়া কর্ত্তব্য, যদ্বারা আমাদিগের মনস্থ কামনা সকল পূর্ণ হয়। শ্রীকৃষ্ণ কহিলেন গোপীগণ! দুর্ব্বাসা মুনিকে ভক্ষ্য দ্রব্য প্রদান করা উচিত ॥ ২ ॥

ব্রজস্ত্রী সকল পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন। যথা। (কথমিতি)

মু কথং যাস্যামো হতীর্ত্বা জলং যমুনায়া যতঃ শ্রেয়ো ভবতি ॥ ৩ ॥

পুনঃ স্ত্রীণাং বাক্যং কথমিতি। যমুনায়াঃ জলং অক্ষোভ্যং অতীত্ব। কথং তং মুনিং যাস্যামঃ যতঃ মুনেঃ সকাশাৎ শ্রেয়োভবতি ॥ ৩ ॥

নাথ! কি রূপে অক্ষোভ্য যমুনাজল উত্তীর্ণ হইয়া মুনির নিকটে গমন করিব যাহা হইতে আমাদিগের মঙ্গল হইবে ॥ ৩॥

মূ　কৃষ্ণেতি ব্রহ্মচারীত্যুক্ত্বা মার্গং বো দাস্যতি যং মাং স্মৃত্বা অগাধা গাধা ভবতি যং মাং স্মৃত্বা অপূতঃ পূতোভবতি যং মাং স্মৃত্বা অব্রতী ব্রতী ভবতি যং মাং স্মৃত্বা সকামো নিষ্কামো ভবতি যং মাং স্মৃত্বাঽশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়ো ভবতি ॥ ৪ ॥

কৃষ্ণেত্যুক্তি মাত্রেণ কথং যমুনা মার্গং নো দাস্যতি কথং চানেকাঙ্গনা সম্ভোগশীলো ব্রহ্মচারী স্যাদিতি শঙ্কাবুদস্তুয়ে স্বস্মৃতি মহিমানমাহ, যং মাং স্মৃত্বা অগাধা তলস্পর্শরহিতাঽপি সর্ব্বা সরিৎ গাধাভবতি যং মাং স্মৃত্বা অপূতঃ পূতোভবতি যং মাং স্মৃত্বাঽব্রতী ব্রতীভবতি যং মাং স্মৃত্বা সকামো নিষ্কামো ভবতি যং মাং স্মৃত্বাঽশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়ো ভবতি ইতি। স্পষ্টার্থমিদং ॥ ৪ ॥

কৃষ্ণ কহিলেন ব্রজস্ত্রীগণ! কৃষ্ণ ব্রহ্মচারী এই বাক্য বলিয়া যমুনার জল মধ্যে গমন করিলে তিনি তোমাদিগকে পথ প্রদান করিবেন। গোপীগণ কহিলেন হে গোপীনাথ! কৃষ্ণ এই উক্তি মাত্রে কিরূপে যমুনা আমাদিগকে বর্ত্ম প্রদান করিবেন এবং কিরূপেইবা অনেক কামিনী সম্ভোগাভিলাষী ব্যক্তি ব্রহ্মচারী হয়। শ্রীকৃষ্ণ কহিলেন ব্রজ স্ত্রীগণ! এমত আশঙ্কা করিও না আমাকে স্মরণ করিলে আগাধা-নদী অল্পা জলা হয়, আমাকে স্মরণ করিলে অপবিত্র ব্যক্তি পবিত্র হয়, আমাকে স্মরণ করিলে অব্রতী ব্রতী হয়, সকাম ব্যক্তি নিষ্কাম এবং অশ্রোত্রীয় শ্রোত্রীয় হয় ॥ ৪॥

মূ শ্রুত্বা তদ্বাচং হি বৈ রৌদ্রং স্মৃত্বা তদ্বাক্যেন
তীর্ত্বা তাংসৌর্য্যাং হি গত্বাশ্রমং পুণ্যতমং
হি নত্বা মুনিং শ্রেষ্ঠতমং হি বৈ রৌদ্রঞ্চেতি। ৫।
দত্ত্বা অস্মৈ ব্রাহ্মণায় ক্ষীরময়ং ঘৃতময়মিষ্ট
তমংহিবৈ ॥ ৬॥

শ্রুত্বাতদ্বাচংহীতি। তাঃ গোপ্যঃ হি নিশ্চিতং বৈ স্মর্য্যতে তস্য বাচঃ শ্রুত্বা সামর্থ্যবোধক বাক্যেন প্রোৎসাহিতাঃ গন্তব্যতয়া রৌদ্রং রুদ্রাংশং দুর্ব্বাসসং স্মৃত্বা তদ্বাক্যেন কৃষ্ণো ব্রহ্মচারীত্যেবং রূপেণ বাক্যেন তৎ সৌর্য্যাং হি তাং অগাধামপিগাধাভূতাং সৌর্য্যাং সূর্য্যতনয়াং যমুনাং তীর্ত্বা গত্বা আশ্রমং পুণ্যতমং হি নত্বা মুনিং দুর্ব্বাসসং কীদৃশং শ্রেষ্ঠতমং বৈ প্রসিদ্ধং রৌদ্রং উক্তার্থম্ ইতি শব্দোভোজন পূর্ব্ব পরিচরণ সমাপ্ত্যর্থঃ ॥ ৫ ॥

দত্ত্বা, অস্মৈ, ব্রাহ্মণায় দুর্ব্বাসসে, ক্ষীরময়ম্ পায়সান্নং, ইষ্টতমং হিবৈ হিততমং মিষ্টতমং স্বাদুত্তমং হিবৈ প্রসিদ্ধং ঈদৃশান্নম্ দত্ত্বা আরাধয়ামাসুরিতি শেষঃ ॥ ৬ ॥

গোপীগণ শ্রীকৃষ্ণের বাক্যে লব্ধ সামর্থ্য হইয়া গমন করা কর্ত্তব্য বিবেচনায় দুর্ব্বাসাকে স্মরণ পূর্ব্বক কৃষ্ণ ব্রহ্মচারী এই বাক্য উচ্চারণ করিয়া অতলস্পর্শা যমুনাকে তৎ স্পর্শ রূপে উত্তীর্ণ হওত মুনির আশ্রমে গমন করিলেন। অনন্তর রুদ্রাংশরূপি শ্রেষ্ঠতম দুর্ব্বাসাকে ইষ্টতম পায়স ও ঘৃত পকান্ন দ্বারা ভোজন করাইলেন।৫।৬।

মূ মিষ্টতমংহিবৈভুক্ত্বা হিত্বাশিষং প্রয়োজ্যান্বাজ্ঞাং ত্বদাৎ কথং যাস্যামোঽতীর্ত্ত্বা সৌর্য্যাম্ ॥ ৭ ॥

সতু আসাং স্নেহেন ভুক্ত্বা, উচ্ছিষ্টমন্নঞ্চ হিত্বা ত্যক্ত্বা উচ্ছিষ্ট ভাগিভ্যো দত্ত্বা, আশিষং প্রযোজ্য দত্ত্বা, অনুপশ্চাৎ আজ্ঞাং গমনানুজ্ঞাং অদাৎ। তা উচুঃ, কথং যাস্যামোঽতীর্ত্ত্বাসৌর্য্যাং ॥ ৭ ॥

দুর্ব্বাসা গোপীদিগের প্রদত্ত মিষ্টতম অন্ন ভোজন করিয়া এবং উচ্ছিষ্টভোজিগণকে উচ্ছিষ্ট প্রদাণ করত আশীর্ব্বাদ প্রদান পূর্ব্বক গোপীগণকে গমনের অনুমতি করিলেন। গোপ রামা গণ কহিলেন মুনে! কিরূপে যমুনা পার হইয়া যাইব ॥ ৭ ॥

মূ সহোবাচ মুনিঃ দূর্ব্বাশনং মাং স্মৃত্বা বো দাস্যতীতি মার্গম্ ॥ ৮ ॥

সহোবাচ মুনিঃ, মাং দূর্ব্বাশিনং, দূর্ব্বৈব অশনমস্যাস্তি তং, নিরাহারং বা, স্মৃত্বা, বঃ যুষ্মাকং, যমুনা মার্গং দাস্যতীতি ॥ ৮ ॥

মুনি কহিলেন দুর্ব্বাভোজি অথবা নিরাহারি রূপে আমাকে স্মরণ করিলে সূর্য্যপুত্রী তোমাদিগকে পথ প্রদান করিবেন ॥ ৮ ॥

মূ তাসাং মধ্যে হি শ্রেষ্ঠা গান্ধর্বীত্যুবাচ তংহিবৈ তাভিরেবং বিচার্য্য ॥ ৯ ॥

তাসাং মধ্যেহি শ্রেষ্ঠা, গান্ধর্ব্বী, কাচিৎ 'তং' হিবৈ দুর্ব্বাসসম্। এবম্ উবাচ। কিং কৃত্বা তাভিঃ অন্যাভিঃ স্ত্রীভিঃ, সমং, বিচার্য্য ॥ ৯ ॥

গোপীদিগের মধ্যে কাচিৎ গান্ধর্ব্বী নাম্নী প্রধানা গোপী, তাঁহাদিগের সহিত বিচার করিয়া জিজ্ঞাসা করিলেন ॥ ৯ ॥

মূ কথং কৃষ্ণো ব্রহ্মচারী কথং দুর্ব্বাশনোমুনিঃ ॥ ১০ ॥

কিমুবাচেত্যাহ। কথং কৃষ্ণো ব্রহ্মচারী কথং চ মুনিঃ দুর্ব্বাশনঃ, এব মুবাচেতি সম্বন্ধঃ ॥ ১০ ॥

কি রূপে কৃষ্ণ ব্রহ্মচারী এবং কি প্রকারেই বা মুনি দুর্ব্বাভোজী ॥ ১০ ॥

অন্য স্ত্রীগণ কি করিলেন এই আশঙ্কায় কহিতেছেন। যথা। (তাং হীতি)

মূ তাং হি মুখ্যাং বিধায় পূর্ব্বমন্নু কৃত্বা তূষ্ণীমাসুঃ ॥ ১১ ॥

অন্যাস্তু কিং চক্রুরিত্যাশঙ্ক্যাহ, তাং হীতি। তাং, গান্ধর্বীং, মুখ্যাং বিধায় মুখ্য ব্যাপারয়ন্তীং কৃত্বা, 'অন্নু' পশ্চাৎ, 'পূর্ব্বং কৃত্বা অগ্রেসরীং বিধায়, অন্যাঃ স্ত্রিয়ঃ 'তূষ্ণীমাসুঃ অনুরক্তবত্যঃ তস্থুঃ ॥ ১১ ॥

অন্য স্ত্রীগণ গান্ধর্ব্বীকে প্রাধান্য বিধান পূর্ব্বক অগ্র বর্ত্তিনী করিয়া পশ্চাৎ দেশে তুষ্ণীম্ভূতা হইয়া রহিলেন ॥ ১১ ॥

মূ শব্দ বানাকাশঃ ॥ ১২ ॥

ভূত ভৌতি কাদ্যন্তর্যামিণ আত্মনোঽক্রিয়ত্বাৎ সর্ব্বমিদং কৃষ্ণো ব্রহ্মচারীত্যাদিকং যুজ্যত এবেত্যভিপ্রেত্য ভগবান্ মুনিরাহ, শব্দবা-নিতি ॥ ১২ ॥

ভূত ও ভৌতিকের অন্তর্যামি আত্মার অক্রিয়ত্ব প্রযুক্ত কৃষ্ণ ব্রহ্মচারী ইহা উপযুক্ত হইয়াছে এই অভিপ্রায়ে মুনিবর দুর্ব্বসা কহিলেন, আকাশ শব্দ গুণ যুক্ত হয় ॥ ১২ ॥

মূ শব্দাকাশভ্যাং ভিন্ন স্তস্মিন্নাকাশেতিষ্ঠতি সহ্যাকাশ স্তং নবেদ সহ্যাত্মাঽহং কথং ভোক্তা ভবামি। স্পর্শবান্ বায়ুঃ স্পর্শবায়ুভ্যাং ভিন্ন স্তস্মিন্ বায়ৌ তিষ্ঠতি বায়ুর্নবেদ তংহি সহ্যাত্মাঽহং কথং ভোক্তা ভবামি। রূপবদিদং হি তেজো রূপাঽগ্নিভ্যাং ভিন্ন স্তস্মিন্নগ্নৌ তিষ্ঠতি অগ্নির্ন-বেদ তং হি সহ্যাত্মাঽহং কথং ভোক্তা ভবামি। রসবত্য আপো রসাদ্ভিন্ন স্তাস্বপ্সু তিষ্ঠতি তং হ্যাপো নবিদুঃ [illegible]াঽহং কথং ভোক্তা ভবামি। গন্ধবতীয়ং ভুমির্গন্ধ ভূমিভ্যাং ভিন্ন স্তস্যাং ভূমৌ তিষ্ঠতি ভুমির্নবেদ তংহি সহ্যাত্মাঽহং কথং ভোক্তা ভবামি ॥ ১২ ॥

শব্দ গুণযুক্তঃ আকাশঃ বর্ত্ততে, তদুভয় ভিন্নঃ বিলক্ষণঃ প্রত্যগাত্মা, তস্মিন্ শব্দবতি, আকাশে, তিষ্ঠতি। সহীতি। শব্দবান্ অপি আকাশঃ, তম্ অন্তর্য্যামিণং, নবেদ, মষ্যাসৌ তিষ্ঠতীতি। সঃ হি, সাক্ষীভূতঃ, আত্মা অহং, কথং ভোক্তা ভবামি। এবং বায়ু তেজো জলভূমি পর্য্যায়া ব্যাখ্যেয়াঃ ॥ ১২।

প্রত্যগত্মা পুরুষ শব্দ ও আকাশ হইতে ভিন্ন হইয়া শব্দ গুণশালি আকাশে অবস্থিত আছেন কিন্তু সেই শব্দ গুণবান্, আকাশ অন্তর্যামি পুরুষকে জানিতে পারে না। আমি সেই আত্মা কি রূপে ভোক্তা হইব। বায়ু স্পর্শ গুণযুক্ত হয়, প্রত্যাত্মা পুরুষ স্পর্শ ও বায়ু হইতে ভিন্ন হইয়া স্পর্শ গুণবান্ বায়ুতে অবস্থিত আছেন কিন্তু বায়ু তাঁহাকে জানিতে পারে না আমি সেই আত্মা কিরূপে ভোক্তা হইব। তেজঃ রূপ গুণশালী প্রত্যগাত্মা পুরুষ রূপ ও তেজঃ হইতে পৃথক্ হইয়া অগ্নিতে অবস্থিত আছেন কিন্তু অগ্নি তাঁহাকে জানিতে পারে না আমি সেই আত্মা কিরূপে ভোক্তা হইব। জল রস গুণ যুক্ত প্রত্যগাত্মা পুরুষ রস ও জল হইতে ভিন্ন হইয়া রস গুণ শালি জলে অবস্থিত আছেন কিন্তু জল তাহাঁকে জানিতে পারে না আমি সেই আত্মা কিরূপে ভোক্তা হইব। ভূমি গন্ধবতী প্রত্যগাত্মা পুরুষ গন্ধ ও ভূমি হইতে পৃথক্ হইয়া ভূমিতে অবস্থিত আছেন কিন্তু ভূমি তাঁহাকে জানিতে পারে না। আমি সেই আত্মা কিরূপে ভোক্তা হইব ॥ ১২ ॥

গান্ধর্ব্বী কহিলেন মুনে! তবে কিরূপে তোমার, (অহং ভোক্তা) শব্দ শুনা যায় এই আশঙ্কায় দুর্ব্বসা কহিলেন। যথা (ইদংহি মন ইতি)

মূ ইদং হি মনস্তেষেবং হি মনুতে ॥ ১৩ ॥

কথং তর্হি তে ভোক্তাহং শব্দং শৃণোমীত্যাদি প্রত্যয় ইত্যাশঙ্ক্য মনস এব তথা প্রতীতিরিত্যাহ, ইদং হি মন ইতি। তেষু আকাশাদিষু, বর্ত্তমানম্ ইদং হি প্রসিদ্ধং, মনঃ এবংহি অহংভোক্তা ইত্যেবংহি, মনুতে চিৎসন্নিধানাৎ॥ ১৩ ॥

রাধে! আকাশাদি পঞ্চ ভূতস্থ মনঃ চৈতন্য সন্নিধান প্রযুক্ত অহং ভোক্তা ইত্যাকার অভিমান করে ॥ ১৩ ॥

উক্ত বিষয়ে হেতু বলিতেছেন। যথা। (তানিতি)

মূ তানিদং হি গৃহ্লাতি ॥ ১৪ ॥

অত্র হেতুমাহ তানিতি। হি যস্মাৎ তান্ শব্দাদীন্ ইদংমনঃ এব তত্তদিন্দ্রিয়াধিষ্ঠাতৃ ভূতং গৃহ্লাতি ॥ ১৪ ॥

মনঃ শব্দাদি বিষয়কে সেই২ ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ রূপে গ্রহণ করে অর্থাৎ আমি শুনিলাম আমি স্পর্শ করিলাম ইত্যাকার অভিমান করিয়া থাকে ॥ ১৪ ॥

তবে তোমারও অন্য লোকের ন্যায় অন্তঃকরণ প্রযুক্ত ভোক্তৃত্ব আরোপ হইয়াছে এই আশঙ্কায় আপনাতে আরোপের নিবৃত্তি দেখাইতেছেন। যথা। (যত্র সর্ব্বমিতি)

মূ যত্র সর্ব্বমাত্মৈবাভূৎ তত্র বা কুত্র মনুতে ক্ববা গচ্ছতীতি সহাত্মা কথং ভোক্তা ভবামি ॥ ১৫ ॥

এবং তর্হি তথাপি লোকবদন্তঃ করণাবচ্ছিন্নত্বাদহং ভোক্তেত্যধ্যাসঃ স্যাদিত্যাশঙ্ক্য স্বস্মিন্নধ্যাস নিবৃত্তিং দর্শয়তি, যত্র সর্ব্ব মিতি। যত্র আত্ম জ্ঞান দশায়াং বিদুষঃ সর্ব্বং কার্য্য কারণ জাতম্, অধিষ্ঠানতত্ত্ব জ্ঞানাৎ আত্মৈব, অভূৎ, রজতমিব শুক্তিঃ, তত্র চ আত্মজ্ঞান দশায়াং, কুত্র ধর্ম্মিণি কেন করণেন কঃ মন্তা মনুতে, এবং জ্ঞানেন্দ্রিয়ান্তর পর্য্যায়া অপ্যধ্যা-

হর্ত্তব্যাঃ। ক ‘বা’ দিশি, কেন করণেন কোবা গচ্ছতি, এবং বাগাদি পর্য্যায়া অধ্যাহর্ত্তব্যাঃ। করণাদীনামাত্মভূতত্বাৎ জ্ঞানিনঃ সর্ব্বাধ্যাস নিবৃত্তের্নভোক্তৃত্বাদ্যধ্যাস ইতি ভাবঃ। সহীতি। সঃ কার্য্যকারণ সাক্ষী নিবৃত্তাভিমানঃ, আত্মা কথং ভোক্তা ভবামি ॥ ১৫ ॥

আত্ম-জ্ঞান দশায় জ্ঞানি গণের অধিষ্ঠান তত্ত্ব জ্ঞান জন্য যাবদীয় কার্য্য কারণাত্মক রূপ জগতে রজত শুক্তির ন্যায় আত্মাই ভাসমান হন, এবং সেই আত্মজ্ঞান দশায় শরীরস্থ জ্ঞান ইন্দ্রিয় দ্বারা কে মন্তা কে কর্ম্মেন্দ্রিয় দ্বারা আমি গন্তা আমি বক্তা ইত্যাকর অভিমান করিয়া থাকে। ইন্দ্রিয়গণের আত্মত্ব প্রযুক্ত ভ্রম রহিত জ্ঞানি দিগের ভোক্তৃত্বের আরোপ হয় না। আমি সেই কার্য্য কারণ সাক্ষী নিবৃত্তাভিমান আত্মা কিরূপে ভোক্তা হইব ॥ ১৫ ॥

জ্ঞানিত্ব প্রযুক্ত তোমার ভোক্তৃত্ব থাকুক কৃষ্ণও কি সেই প্রকার অভোক্তা এই আশঙ্কায় কৃষ্ণের সর্ব্বাধিষ্ঠানত্ব নিমিত্ত অভোক্তৃত্ব বলিতেছেন। যথা। (অয়ং হীতি)

মূ অয়ং হি কৃষ্ণো যোবোহি প্রেষ্ঠঃ
শরীরদ্বয় কারণং ভবতি ॥ ১৬ ॥

অস্তুতব জ্ঞানিত্বাদভোক্তৃত্বং কৃষ্ণোপি কিং তথৈবেত্যাশঙ্ক্য তস্য তু সর্ব্বাধিষ্ঠান ভূতত্বান্নভোক্তৃত্ব মিত্যাহ, অয়ংহীতি। যো বঃ প্রেষ্ঠঃ, অযং কৃষ্ণঃ হি যস্মাৎ, শরীর দ্বয়স্য কারণং ততো ন ভবতীতি শেষঃ ॥ ১৬ ।

যে এই তোমাদের প্রিয়তম কৃষ্ণ ইনি কেবল ব্যষ্টি সমষ্টি শরীর দ্বয়ের কারণ নহেন অথচ সৃষ্টবস্তু মাত্রেরই কারণ ॥১৬

অধিষ্ঠান জন্য শ্রীকৃষ্ণের অভোক্তৃত্ব কথিত হইল এবং অন্তর্যামিত্ব প্রযুক্তও অভোক্তৃত্ব দেখাইতেছেন। যথা। (দ্বাবিতি)

মূ দ্বৌ সুপর্ণৌ ভবতো ব্রাহ্মণোহংশ ভূতস্তথে তরো
ভোক্তা ভবতি অন্যোহি সাক্ষী ভবতীতি ॥ ১৭ ॥

এবমধিষ্ঠানত্বাদভোক্তৃত্ব মিত্যুক্তম্, অথান্তর্যামিত্বাদপি তদাহ, দ্বৌ সুপর্ণাবিতি। ব্রহ্মণঃ চিন্মাত্রাৎ, দ্বৌসুপর্ণ ইব সহচরৌ জীবেশ্বরৌ ভবতঃ বর্ত্ততে। তথা ভূতয়ো স্তয়োর্মধ্যে ইতরঃ অংশভূতঃ জীবঃ ভোক্তা ভবতি হি নিশ্চিতং অন্যঃ ঈশ্বরঃ সাক্ষী কেবলমীক্ষিতৈব, ভবতি ইত্যর্থঃ। ইতি শব্দো মন্ত্র সমাপ্ত্যর্থঃ ॥ ১৭ ॥

চিন্ময় ব্রহ্মের দুইটী সুপর্ণ অর্থাৎ জীব ও ঈশ্বর এই দুইটী সহচর আছেন, তাঁহাদিগের মধ্যে ইতর অংশ ভূত জীবই ভোক্তা এবং অন্য ঈশ্বর সাক্ষী অর্থাৎ তিনি কেবল দ্রষ্টা মাত্র। ইতি শব্দ মন্ত্র সমাপ্তি নিমিত্ত ॥ ১৭ ॥

এই উভয়ের কি কারণ জন্য সুপর্ণত্ব এই আশঙ্কায় দেহ রূপ বৃক্ষে অবস্থিত হওন নিমিত্ত তাহাঁদের এই আখ্যা হইতেছে। যথা।- (বৃক্ষ ধর্ম্মেতাবিতি)

মূ বৃক্ষ ধর্ম্মে তৌতিষ্ঠতঃ অতো ভোক্তাহভোক্তারৌ ॥ ১৮ ॥

তয়োঃ সুপর্ণত্বং কুত ইত্যাশঙ্ক্য বৃক্ষে বর্ত্তমানত্বাদিত্যাহ, বৃক্ষধর্ম্মে তাবিতি। বৃক্ষস্য ধর্ম্মো ব্রশ্চনাখ্যোযস্য তস্মিন্ বৃক্ষধর্ম্মে বিনাশিনি সংসারাখ্যে অশ্বত্থে, তিষ্ঠতঃ। অত ইতি। অতঃ ঈশ্বরানীশ্বরত্বাৎ, তৌ ভোক্তা হ ভোক্তারৌ ॥ ১৮ ॥

বৃক্ষ শব্দে বিনাশ ধর্ম্মশীল দেহরূপ অশ্বত্থ বৃক্ষ, তাহাতে যাঁহারা অবস্থিত আছেন, অতএর ঈশ্বর ও অনীশ্বর হেতুক তাঁহারা ভোক্তা ও অভোক্তা হইয়াছেন ॥ ১৯ ॥

জীব এবং ঈশ্বরের ভোক্তৃত্ব ও অভোক্তৃত্ব বিস্তার রূপে বলিতেছেন। যথা। (সর্ব্বোহীতি)

পূর্ব্বোহি ভোক্তা ভবতি তথেতরোঽভোক্তা
কৃষ্ণো ভবতীতি ॥ ১৯ ॥

এতদ্বিবিনক্তি। পূর্ব্বো হি ভোক্তা ভবতি, তথা ইতরঃ কৃষ্ণঃ ঈশ্বরঃ ইতি কারণাৎ অভোক্তা ভবতি ॥ ১৯ ॥

পূর্ব্ব অর্থাৎ জীব ভোক্তা তদ্রূপ ইতর অর্থাৎ ঈশ্বর অভোক্তা। জীব এবং ঈশ্বর ভোক্তা ও অভোক্তা হউন্ ইহাতে কৃষ্ণের কি হইল এই আশঙ্কায় বলিতেছেন। কৃষ্ণই অংশ রূপে তত্তদ্রূপ হইয়াছেন ॥ ১৯ ॥

ঈশ্বরের অভোক্তৃত্বে অবিদ্যা রাহিত্য হেতু বলিতেছেন যথা। (যত্র বিদ্যাঽবিদ্যে ইতি)

মু যত্র বিদ্যাঽবিদ্যে ন বিদামো বিদ্যাঽ
বিদ্যাভ্যাংভিন্নঃ, বিদ্যাময়ো হি যঃ
সকথং বিষয়ী ভবতীতি ॥ ২০ ॥

ঈশ্বরস্যাভোক্তৃত্বে অবিদ্যা রহিতত্বং হেতুমাহ। যত্র ঈশ্বরে বিদ্যাঽ বিদ্যাভ্যাং ভিন্ন ঘটাদিবৎ বিষয়ঃ নভ বতীত্যর্থঃ। বিদ্যাবিষয়ত্বাভাবে হেতুমাহ, বিদ্যাময়োহীতি। বিদ্যাং নাম ব্রহ্মাকারা অন্তঃ করণ বৃত্তিঃ তন্ময়ঃ তৎপ্রকাশকঃ হি যঃ স কথং বিষয়ী ভবতি। নহি ঘটাদি প্রকাশক আলোকো ঘটাদি বিষয়ঃ ॥ ২০ ॥

ঈশ্বরেতে মায়া বৃত্তি রূপা বিদ্যা ও অবিদ্যা যে আছে ইহা মানিতে পারি না যে হেতু তিনি বিদ্যা ও অবিদ্যা হইতে ভিন্ন হইয়াছেন, যেমন ঘট প্রকাশক আলোক ঘটাদির বিষয় হয় না তদ্রূপ তিনি বিদ্যাময় হইয়াছেন অর্থাৎ বিদ্যা শব্দে ব্রহ্মাকারা অন্তঃ করণ বৃত্তি, তাহার প্রকাশক কি রূপে ঘটাদির ন্যায় বিষয় হইবেন ॥ ২০ ॥

এই রূপে অবিদ্যা রাহিত্য নিমিত্ত অভোক্তৃত্ব প্রদর্শিত হইল এবং কামনা রাহিত্য প্রযুক্ত অভোক্তৃত্ব দেখাইতেছেন। যথা। (যো হ বৈ ইতি)

মূ [illegible] কামেন কামান্ কাময়তে স
কামী ভবতি যোহবৈ ত্বকামেন কামান্
কাময়তে সো হ কামী ভবতি ॥ ২১ ॥

এবমবিদ্যারহিতত্বাদভোক্তৃত্বমুক্তম্, অথাকামত্বাদভোক্তৃত্বমাহ, যো হেতি। যঃ হ বৈ কিল, কামেন ইচ্ছয়া, কামান্ বিষয়ান্, কাময়তে, সঃ কামী কামুকঃ ভবতি। যঃ হবৈ, কৃষ্ণঃ, তু, অকামেন অনিচ্ছয়া কামান্, স্বীকরোতি সঃ,তু অকামী লোকে প্রসিদ্ধঃ ভবতি॥ ২১ ॥

যিনি ইচ্ছা পূর্ব্বক বিষয় কামনা করেন লোকে তাঁহাকে কামুক বলে, আর যিনি অনিচ্ছাপূর্ব্বক বিষয় সকল অঙ্গীকার করেন লোকে তাঁহাকে অকামী বলে ॥ ২১ ॥

এই রূপে অকাম প্রযুক্ত অভোক্তৃত্ব কথিত হইল। অনন্তর ক্ষুধা পিপাসা জরা মৃত্যু শোক ও মোহ রূপ ষড়ূর্ম্মি ভাব বিকার রাহিত্য, কৃষ্ণ শব্দের অর্থ হইতে দেখাইতেছেন। যথা। (জন্ম জরাভ্যামিতি)

মূ জন্ম জরাভ্যাং ভিন্নঃ স্থাণুরয়মচ্ছেদ্যোঽয়ং
যোঽসৌ সৌর্য্যে তিষ্ঠতি যোসৌ গোষু তি
ষ্ঠতি যোঽসৌ গাঃ পালয়তি যোঽসৌ গোপে
ষুতিষ্ঠতি যোঽসৌ সর্ব্বেষু বেদেষু তিষ্ঠতি
যোঽসৌ সর্ব্বৈ র্বেদৈর্গীয়তে যোঽসৌ সর্ব্বেষু
ভূতেষ্বাবিশ্য ভূতানি বিদধাতি সবোহি স্বামী
যোঽসৌ ভবতি ॥ ২২ ॥

এবং অকামিত্বাদভোক্তৃত্বং উক্তম্ অথষড়ূর্ম্মিভাব বিকারশূন্যত্বাৎ কৃষ্ণশব্দার্থত্বাদপি তদাহ, জন্মেতি। জন্মজরাভ্যাং ভিন্নঃ রহিতঃ, ইত্যনেন ষড়ূর্ম্মি রহিতত্বং জন্মাখ্য প্রথম বিকার রহিতত্বঞ্চ স্থাণুঃ সর্ব্বদা স্থিরঃ, ইত্যনেন কিঞ্চিৎ কালাস্তিত্ব বিপরিণামাভাবাৎ শূন্যত্বং বিনাশ শূন্যত্বঞ্চোক্তং ভবতি। অচ্ছেদ্যো হয়মিতি অপক্ষয় শূন্যত্বমুক্তং বেদিতব্যম্। কৃষ সত্তায়ামিতি ধাতুবলাদয়ং কৃষ্ণশব্দার্থ ইতি স্থাণু শব্দেন সূচিতম্। অথ গোবিন্দ শব্দার্থ রূপত্বাদপ্যভোক্তৃত্বমাহ, যোহসৌ সৌর্য্যে তিষ্ঠতি ইতি। যো হ সৌ, গোশব্দার্থ ভূতে সূর্য্যমণ্ডলে বিদ্যতে তিষ্ঠতি, সগোবিন্দঃ, স এবাধুনা কামধেন্বনুগ্রহার্থং ধেনুষু বিদ্যতে তিষ্ঠতীতি গোবিন্দ শব্দার্থমাহ, যো হ সৌ গোষু তিষ্ঠতীতি। লক্ষণয়া গোশব্দেন গোপাঃ তে চ গা ইন্দ্রিযাণি পালয়ন্তীতি ব্যুৎপত্ত্যা, গোপেষু বিদ্যতে তিষ্ঠতীতি গোবিন্দ শব্দার্থ মাহ যোহসৌ গোষু ইতি। সএব গোষু বেদেষু বিদ্যত ইতি গোবিন্দ শব্দার্থ মাহ, যো হ সৌ সর্ব্বৈরিতি। গোষু বিনাশং গচ্ছৎসু স্থাবর জঙ্গমেষ্বাবিষ্টঃ সন্ ভূতানি বিদধাতি ইতি গোবিন্দঃ ইতি গোবিন্দ শব্দার্থ মাহ, যোহসৌ সর্ব্বেষ্বিতি। যঃ ঈদৃশঃ কৃষ্ণঃ গোবিন্দঃ সর্ব্বস্বামী, ততঃ অসৌ কথং ভোক্তা ইত্যাশয়েনাহ, সবোহীতি। সঃ কৃষ্ণঃ গোবিন্দঃ, যৎ বঃ স্বামী, তস্মাৎ অভোক্তেত্যর্থঃ ॥ ২২ ॥

যিনি জন্ম জরা বিরহিত এবং স্থাণুর ন্যায় স্থিরতর ও অপক্ষয় শূন্য, আর যিনি সুর্য্য মণ্ডলে অবস্থিত, যিনি গো সকলে বিদ্যমান, যিনি গো প্রতিপালন কর্ত্তা এবং যিনি গোপ সকলে অধিষ্ঠিত, অপর যিনি সকল বেদে অবস্থিত এবং বেদ সকল যাঁহাকে গান করে, আর যিনি ভুত সকলের অন্তরে প্রবেশ করিয়া ভুত সকলকে বিধান করেন, সেই শ্রীকৃষ্ণ তোমাদের স্বামী অতএব তিনি অভোক্তা ॥ ২২॥

এই রূপ বৃত্তান্ত অবগত হইয়া গান্ধর্বী মুনিবরকে জিজ্ঞাসা করিলেন। যথা। (সাহোবাচেতি)

মু সাহোবাচ গান্ধর্ব্বী কথংবাঽস্মাসু জাতোঽসৌ
গোপালঃ কথং বা জ্ঞাতোঽসৌ ত্বয়া মুনে কৃষ্ণঃ
কোবাঽস্য মন্ত্রঃ কিংবাঽস্য স্থানং কথং বা দেব-
ক্যাং জাতঃ কোবাঽস্য জ্যায়ান্ রামো ভবতি
কীদৃশী পূজাঽস্য গোপালস্য ভবতি সাক্ষাৎ
প্রকৃতিপরো যোঽয়মাত্মা গোপালঃ কথং
ত্ববতীর্ণো ভুম্যাং হিবৈ সহোবাচ তাংহবৈ ॥ ২৩ ॥

এবং বিদিত বৃত্তান্তা গান্ধর্ব্বী পৃচ্ছতীত্যাহ সাহবিতি। সা গান্ধর্ব্বী মুনিম্ উবাচ। কিম্ ইত্যাশঙ্ক্যাহ, কথমিতি। এবং বিধঃ কৃষ্ণো গোবিন্দঃ অস্মাসু গোপালঃ, কথং বা, জাতঃ কথং বা, হে মুনে, অসৌ, কৃষ্ণঃ, ত্বয়া, জ্ঞাতঃ, কোবা অস্য মন্ত্রঃ, কিংবাস্য ধ্যানং কথং বা দেবক্যাং জাতঃ অস্য জ্যায়ান্ জ্যেষ্ঠঃ, রামঃ, কোবা কিং রূপাদিঃ, ভবতি ইত্যর্থঃ। কীদৃশী পুজা অস্য গোপালস্য, ভবতি সাক্ষাৎ প্রকৃতি পরঃ মায়েশঃ, যঃ, পরমাত্মা, গোপালঃ কথং ত্ববতীর্ণঃ ভুম্যাং, হি, বৈ প্রসিদ্ধং সহোবাচ তাং হবৈ একোহীতি সঃ মুনিঃ, হ কিল, বৈ প্রসিদ্ধৌ, তাং গান্ধর্ব্বীম্, উবাচ ॥ ২৩ ॥

মুনে! এবম্বিধ শ্রীকৃষ্ণ অস্মৎকুলে গোপালরূপে কিরূপে জন্ম গ্রহণ করিলেন? এবং কিপ্রকারেইবা আপনি তাঁহাকে জ্ঞাত হইয়াছেন? তাঁহার মন্ত্র কি? তাঁহার ধ্যান কি? কি রূপেইবা তিনি দেবকীতে জাত হইলেন? তাঁহার জ্যেষ্ঠ রামই বা কে? কীদৃশী এই গোপালের পূজা? তিনি সাক্ষাৎ প্রকৃতির পর ও পরমাত্মা হইয়া ভুমিতে কি রূপে অবতীর্ণ হইলেন? মুনিবর দুর্ব্বাসা এই সকল প্রশ্ন শ্রবণ করিয়া গান্ধর্ব্বীকে সম্বোধন পূর্ব্বক কহিলেন ॥ ২৩ ॥

প্রশ্নোত্তর দ্বারা পরম ব্রহ্ম কৃষ্ণের কথা অবতরণ করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণের স্বরূপ বলিতেছেন। যথা। (একোহবৈ ইতি)

মু　একোহবৈ পূর্ব্বং নারায়ণো দেবঃ ॥ ২৪ ॥

প্রশ্নোত্তরগর্ভাং কৃষ্ণব্রহ্মণঃ কথামবতারয়িতুং কৃষ্ণ স্বরূপমাহ। একঃ হ কিল, পূর্ব্বং সৃষ্টেরাদৌ, নারায়ণো দেবঃ আসীৎ ইতি শেষঃ ॥২৪

গান্ধর্ব্বি! এই সৃষ্টির পূর্ব্বে কেবল এক মাত্র নারায়ণ দেব ছিলেন ॥ ২৪ ॥

শ্রীকৃষ্ণের নারায়ণত্ব কিরূপ? এই আশঙ্কায় বলিতেছেন। যথা। (যস্মিন্নিতি)

মু　যস্মিন্ লোকা ওতাশ্চ প্রোতাশ্চতস্য হৃৎপদ্মা
জ্জাতোহব্জযোনি স্তপিত্বা তস্মৈহি বরংদদৌ ॥ ২৫ ॥

নারায়ণত্বং তস্য কুত ইত্যত আহ, যস্মিন্নিতি। যস্মিন্ দেবে, লোকাঃ ওতাঃ, দীর্ঘতন্তুষু পটবৎ, প্রোতাঃ, তির্য্যক্ তন্তুষু পটবৎ, তস্য হৃৎপদ্মাজ্জাতোহব্জযোনিঃ, তপিত্বা, স্থিতায় তস্মৈ ব্রহ্মণে, নারায়ণঃ বরং দদৌ ॥ ২৫ ॥

পটস্থ দীর্ঘতন্তুর ন্যায় লোক সকল যাহাতে ওত এবং পঠস্থ তীর্য্যক্ তন্তুর ন্যায় লোক সকল যাহাতে প্রোত হইয়া রহিয়াছে, তাঁহার হৃৎপদ্ম হইতে পদ্মযোনি ব্রহ্মা উৎপন্ন হইয়া স্থিতি নিমিত্ত তপস্যা করিলে নারায়ণ দেব তাহাঁকে বর গ্রহণ কর বলিয়া বর প্রদান করিতে উদ্যত হইলেন ॥ ২৫ ॥

মু　স কাম প্রশ্নমেব বব্রে তংহাস্মৈ দদৌ ॥ ২৬ ॥

স ইতি। সঃ ব্রহ্মা, কামপ্রশ্নম্ ইচ্ছয়া প্রশ্নম্, এব বরং বব্রে তং হাস্মৈ দদৌ ॥ ২৬ ॥

ব্রহ্মা স্বাভিলষিত প্রশ্ন রূপ বর প্রার্থনা করিলেন অর্থাৎ আমি যাহা জিজ্ঞাসা করিব আপনি আমাকে তাহার উত্তর দিবেন। ভগবান্ তাঁহাকে সেই বরই প্রদান করিলেন অর্থাৎ আমি তোমার প্রশ্নের উত্তর প্রদান করিব ॥ ২৬ ॥

মু ' স হোবাচাব্জযোনি র্যোঽব তারাণাং
মধ্যে শ্রেষ্ঠোঽবতারঃ কো ভবতি যেন
লোকাস্তুষ্টা দেবাস্তুষ্টা ভবন্তি যংস্মৃত্বা
মুক্তা অস্মাৎ সংসারাৎ ভবন্তি কথং
বাঽস্যাবতারস্য ব্রহ্মতা ভবতি ॥ ২৭ ॥

সহেতি। লব্ধবরঃ অব্জযোনিঃ, নারায়ণম্ উবাচ যোঽবতারাণা মিতি। হে বিশ্বাশ্রয় তব অবতারাণাং মধ্যে যঃ, শ্রেষ্ঠোঽবতারঃ, সঃ কোভবতি। যেনেতি। যেন অবতারেণ হেতুনা, লোকাস্তুষ্টাঃ দেবাস্তুষ্টা ভবন্তি, যং স্মৃত্বা মুক্তা অস্মাৎ সংসারাৎ ভবন্তি। কথং বা অস্য শ্রেষ্ঠস্য, অবতারস্য, ব্রহ্ম স্বরূপতা ভবতি বর্ত্ততে ॥ ২৭ ॥

পদ্মযোনি বর লাভ করিয়া নারায়ণ দেবকে জিজ্ঞাসা করিলেন, হে বিশ্বাশ্রয়! অবতার সকলের মধ্যে যিনি শ্রেষ্ঠ তিনি কে? যে অবতার হেতুক লোক ও বেদ সকল তুষ্ট হয়, এবং যাঁহাকে স্মরণ করিলে এই সংসার হইতে মুক্ত হয় এবং কি রূপেতেই বা এই শ্রেষ্ঠ অবতারের ব্রহ্মত্ব হইল? ॥ ২৭ ॥

মু সহোবাচ তংহি নারায়ণো দেবঃ সকাম্যামেরোঃ
শৃঙ্গে যথা সপ্ত পূর্য্যো ভবন্তি তথা নিষ্কাম্যাঃ
সকাম্যা ভূগোলচক্রে সপ্ত পূর্য্যো ভবন্তি তাসাং
মধ্যে সাক্ষাৎ ব্রহ্ম গোপাল পুরী হীতি ॥ ২৮ ॥

সহোবাচ তংহি নারায়ণো দেবঃ। কিম্। সকাম্যাঃ কামফলেন সহিতাঃ, মেরোঃ শৃঙ্গে, যথা সপ্ত পুর্য্যো ভবন্তি তথা নিষ্কাম্যাঃ মোক্ষদাঃ কামফলদাঃ, অধিকারিতারতম্যেন ভূগোল চক্রে, সপ্তপুর্য্যঃ অযোধ্যা মথুরাদয়ঃ ভবন্তি, তাসাং পুরীণাং মধ্যে, গোপাল পুরী গোপালবেশস্য বিষ্ণোরাশ্রয় ভূতা পুরী, যদ্বা গবাং চক্রেণ পালিতা গোপাল পুরী, মথুরা, হি নিশ্চিতং সাক্ষাৎ ব্রহ্ম ভবতি, ব্রহ্মপ্রকাশকত্বাৎ ॥ ২৮ ॥

নারায়ণ দেব ব্রহ্মাকে কহিলেন হে বিধাতঃ! যেমন সুমেরু শৃঙ্গে কাম ফলদা সাতটী পুরী আছে তদ্রূপ ভূমণ্ডলে অধিকারিভেদে অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা ও দ্বারকা ইত্যাদি সাতটী পুরী আছে, কিন্তু ইহাদের মধ্যে গোপালাখ্য অথবা বিষ্ণুর আশ্রয়ভূতা কিম্বা গোসমূহে প্রতি পালিতা যে মথুরা নাম্নী পুরী, তাহা ব্রহ্ম প্রকাশিকা হেতু সাক্ষাৎ ব্রহ্ম স্বরূপা হইয়াছে ॥ ২৮ ॥

মু　সকাম্যা নিষ্কাম্যা দেবানাং সর্ব্বেষাং ভূতা
　নাং ভবতি যথাহি বৈ সরসি পদ্মং তিষ্ঠতি
　তথা ভূম্যাং তিষ্ঠতীতি চক্রেণ রক্ষিতাহি
　মথুরা তস্মাৎ গোপাল পুরী ভবতি ॥ ২৯ ॥

সকাম্যা নিষ্কাম্যা দেবনাং সর্ব্বেষাং ভূতানাং চ যথা ভজনং ভবতি, যথা সরসি, পদ্মং তিষ্ঠতি, তথা ভূম্যাং গোপালপুরী তিষ্ঠতি ইতি গোপাল পুরী তাস্য ব্যুৎপত্তিং বদন্ সর্ব্বসিদ্ধ সংজ্ঞাং দর্শয়তি। চক্রেণ রক্ষিতা হি মথুরা তস্মাদ্‌গোপালপুরী ভবতি ॥ ২৯ ॥

যেরূপ দেবগণ ও ভূতগণের সকাম্য ও নিষ্কাম্য পুরী আছে, এবং যেমন সরোবর মধ্যে পদ্ম থাকে তদ্রূপ ভূমণ্ডলে মথুরা পুরী আছে, চক্র কর্ত্তৃক রক্ষিতা হওয়াতে তাহা গোপাল পুরী বলিয়া প্রসিদ্ধ হইয়াছে ॥ ২৯ ॥

এই মথুরা পুরী দ্বাদশ বনে পরিবেষ্টিতা। যথা- (বৃহদ্বৃহদ্বনমিতি)

মু বৃহদ্বৃহদ্বনং মধোর্মধুবনং তাল স্তালবনং
কাম্যং কাম্যবনং বহুলো বহুলবনং কুমদং
কুমদবনং খদিরঃ খদিরবনং ভদ্রো ভদ্র
বনং ভাণ্ডীর ইতি ভাণ্ডীরবনং শ্রীবনং লোহ
বনং বৃন্দায়া বৃন্দাবনমেতৈরাবৃতা পুরী ভবতি ॥ ৩০ ॥

সাচ মথুরা দ্বাদশবনৈ রাবৃতা ভবতীত্যাহ, বৃহদিতি। বৃহৎ মহদ্ভূতম্, ইতিকারণাৎ বৃহদ্বনম্ একং (১)। মধোঃ দৈত্যস্য, সম্বন্ধি ইতিকারণাৎ মধুবনং দ্বিতীয়ং (২)। তালঃ বর্ত্তত ইতিকারণাৎ তালবনং তৃতীয়ং (৩)। কামদেবঃ বর্ত্তত ইতি কাম্যবনং চতুর্থং (৪)।বহুলঃ বর্ত্তত ইতি বহুল বনং পঞ্চমং (৫)। কুমুদং বর্ত্তত ইতি কারণাৎ কুমুদবনং ষষ্ঠং (৬)। খদিরঃ বর্ত্তত ইতি কারণাৎ খদিরবনং সপ্তমং (৭)। ভদ্রঃ বৃক্ষবিশেষঃ বর্ত্তত ইতি কারণাৎ ভদ্রবনং অষ্টমং (৮)। ভাণ্ডীরঃ ইতি নাম বটঃ বর্ত্ততে ইতি কারণাৎ ভাণ্ডীর বনং নবমং (৯)। শ্রীঃ রমা তস্যাঃ তস্মিন্ সাধকানাং শীঘ্রমাবির্ভাবাৎ তদ্বনং শ্রীবনং (দশমং) ১০। লোহঃ নাম কশ্চিদসুরঃ সঃ তপসা যত্র সিদ্ধিং প্রাপ্তঃ তৎ লোহবনং একাদশং (১১) বৃন্দায়াঃ বনং বৃন্দাবনং দ্বাদশং (১২) ॥ ৩০ ॥

অতিশয় মহৎ এপ্রযুক্ত বৃহদ্বন এক।১। মধুদৈত্য সম্বন্ধীয় মধুবন দ্বিতীয়।২। তালবৃক্ষ থাকা প্রযুক্ত তালবন তৃতীয়।৩ কামদেব আছেন এজন্য কাম্যবন চতুর্থ।৪। বহুলা নাম্নী হরিপ্রিয়া বাস করেন এজন্য বহুলবন পঞ্চম।৫। কুমুদ আছে এনিমিত্ত কুমুদবন ষষ্ঠ।৬। খদির থাকা হেতু খদির বন সপ্তম।৭। ভদ্র (বৃক্ষ বিশেষ) থাকা প্রযুক্ত ভদ্রবন অষ্টম।৮। ভাণ্ডীর নামে বট আছে বলিয়া ভাণ্ডীর বন নবম।৯। শ্রী অর্থাৎ লক্ষ্মীর অধিষ্ঠান জন্য শ্রীবন দশম।১০।

লোহ্ নামক কোন অসুর তপস্যা দ্বারা সিদ্ধি প্রাপ্ত হয় এ-কারণ লোহবন একাদশ। ১১। বৃন্দার তপস্যা দ্বারা নির্ম্মিত বন বৃন্দাবন দ্বাদশ। ১২। মথুরাপুরী এই সকল বনে পরিবৃতা রহিয়াছে ॥ ৩০ ॥

মু　তত্র তেষ্বেব গহনেষ্বেব দেবা মনুষ্যা গন্ধর্ব্বা
নাগাঃ কিন্নরা গায়ন্তীতি নৃত্যন্তীতি ॥ ৩১ ॥

তত্রতেষ্বেবেতি। তত্র মথুরা সমীপে, তেষ্বেব দ্বাদশস্বপি এবং বিধেষু প্রাগুক্ত প্রকারেষু, গহনেষু, দেবাঃ মনুষ্যাঃ, গন্ধর্ব্বাঃ নাগাঃ কিন্নরাঃ ইতি প্রসিদ্ধং গায়ন্তি প্রসিদ্ধং নৃত্যন্তীতি ॥ ৩১ ॥

উল্লিখিত এই দ্বাদশবনে দেবতা, মনুষ্য, গন্ধর্ব্ব, নাগ, ও কিন্নরগণ নিরন্তর গান এবং নৃত্য করেন ॥ ৩১ ॥

মু　তত্র দ্বাদশাদিত্যা একাদশ রুদ্রা অষ্টৌবসবঃ
সপ্ত মুনয়ো ব্রহ্মা নারদশ্চ পঞ্চ বিনায়কা বীরে
শ্বরো রুদ্রেশ্বরো অম্বিকেশ্বরো গণেশ্বরো নীলক
ণ্ঠেশ্বরো বিশ্বেশ্বরো গোপালেশ্বরো ভদ্রেশ্বরোহ
ন্যানি লিঙ্গানি চতুর্বিংশতির্ভবন্তি ॥ ৩২ ॥

তত্র তেষু দ্বাদশসু অপি বনেষু দ্বাদশাদিত্যা ইতি। বরুণঃ (১) সূর্য্যঃ (২) বেদাঙ্গঃ (৩) ভানুঃ (৪) ইন্দ্রঃ (৫) রবিঃ (৬) গভস্তি-মান্ (৭) যমঃ (৮)। হিরণ্যরেতাঃ (৯) দিবাকরঃ (১০) মিত্রঃ (১১) বিষ্ণুঃ (১২)।
একাদশ রুদ্রা ইতি।

* বীরভদ্রশ্চ শম্ভুশ্চ গিরিশশ্চ তৃতীয়কঃ।
অজৈকপাদহির্ব্রধ্নঃ পিনাকীচ তথাপরঃ ॥
ভুবনাধীশ্বরশ্চৈব কপালীচ দিশাংপতিঃ।
স্থাণুর্ভগ ইতি প্রোক্তা রুদ্রা একাদশাচ্যুতাঃ।
অষ্টৌবসব ইতি।

" ধ্রুবো ধরশ্চ সোমঃ স্যাদাপশ্চৈবানিলোঽনলঃ।
প্রত্যূষশ্চ প্রভাবশ্চ বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ,, ॥
সপ্ত মুনয় ইতি।
কশ্যপোঽত্রির্ভরদ্বাজো বিশ্বামিত্রোথ গৌতমঃ।
জমদগ্নির্বসিষ্ঠশ্চ সপ্তৈতে মুনয়ঃ স্মৃতাঃ,, ॥
ব্রহ্মা, নারদশ্চ। পঞ্চবিনায়কাঃ মোদঃ (১) প্রমোদঃ (২) আমোদঃ (৩) সুমুখঃ (৪) দুর্ম্মুখঃ (৫) তথা ইতি প্রোক্তাঃ। বীরেশ্বরঃ (১) রুদ্রেশ্বরঃ (২) অম্বিকেশ্বরঃ (৩) গণেশ্বরঃ (৪) নীলকণ্ঠেশ্বরঃ (৫) বিশ্বেশ্বরঃ) ৬ গোপালেশ্বরঃ (৭) ভদ্রেশ্বরঃ (৮) ইতি অষ্টৌলিঙ্গানি। তথা অন্যানি, চতুর্ব্বিংশতি লিঙ্গানি ভবন্তি ॥৩২॥

এই দ্বাদশ বনে বরুণ, সূর্য্য, বেদাঙ্গ, ভানু, ইন্দ্র, রবি, গভস্তিমান্, যম, হিরণ্যরেতা, দিবাকর, মিত্র, এবং বিষ্ণু, এই দ্বাদশ আদিত্য আছেন। অপর বীরভদ্র, শম্ভু, গিরিশ, অজৈকপাদ, অহিব্রধ্ন, পিনাকী, দিক্‌পতি, স্থাণু, ভগ এই একাদশ রুদ্র অধিষ্ঠিত আছেন। আর ধ্রুব, ধর, সোম, আপ, অনিল, অনল, প্রত্যূষ, ও প্রভাব, এই অষ্টবসু এবং কশ্যপ, অত্রি, ভরদ্বাজ, বিশ্বামিত্র, গৌতম, জমদগ্নি, ও বসিষ্ঠ, এই সপ্তর্ষি এবং ব্রহ্মা ও নারদ। অপর মোদ, প্রমোদ, আমোদ, সুমুখ, এবং দুর্ম্মুখ, এই পঞ্চ বিনায়ক। আর বীরেশ্বর, রুদ্রেশ্বর, অম্বিকেশ্বর, গণেশ্বর, নীলকণ্ঠেশ্বর, বিশ্বেশ্বর, গোপেশ্বর, এবং ভদ্রেশ্বর, প্রভৃতি অষ্টলিঙ্গ বিদ্যমান, অপর ইহা ভিন্ন আরও চতুর্ব্বিংশতি লিঙ্গ আছে ॥৩২॥

মূ দ্বেবনে স্তঃ কৃষ্ণবনং ভদ্রবনং তয়োরন্তর্দ্বাদশ
বনানি পুণ্যানি পুণ্যতমানি তেষ্বেব দেবাস্তি
ষ্ঠন্তি সিদ্ধাঃ সিদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৩ ॥

তে বনে ইতি। দ্বে বনে স্তঃ বর্ত্ততে, একং কৃষ্ণবনং। দ্বিতীয়ং ভদ্রবনং তয়োঃ দ্বয়োর্ব্বনয়োঃ অন্তঃ মধ্যে, দ্বাদশ বনানি, ভবন্তি। কানিচিৎ পুণ্যানি কানিচিৎ পুণ্যতমানি তেষু সমস্তেষু, অপি সিদ্ধাঃ জাতি বিশেষাঃ দেবাঃ তিষ্ঠন্তি। কীদৃশাঃ সিদ্ধা দেবাঃ, সিদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৩ ॥

অপিচ কৃষ্ণবন ও ভদ্রবন নামে যে দুইটী বন আছে, ঐ দুই বনের মধ্যে দ্বাদশ বন বিদ্যমান, তন্মধ্যে কতকগুলি পুণ্য এবং কতকগুলি পুণ্যতম কিন্তু সমস্তই বনে সিদ্ধি—প্রাপ্ত সিদ্ধ নামক দেবগণ অবস্থিত আছেন ॥ ৩৩ ॥

মূ তত্রহি রামস্য রামমূর্ত্তিঃ প্রদ্যুম্নস্য প্রদ্যুম্ন মূর্ত্তি
রনিরুদ্ধস্যানিরুদ্ধ মূর্ত্তিঃ কৃষ্ণস্য কৃষ্ণমূর্ত্তিঃ ॥ ৩৪ ॥

অত্র হেতুং বদন্নেব শ্রেষ্ঠাবতারমাহ, তত্রহীতি। হি যস্মাৎ তত্র তেষু রামস্য বলদেবস্য, রামাখ্যা মূর্ত্তিঃ প্রদ্যুম্নস্য, প্রদ্যুম্নাখ্যা মূর্ত্তিঃ অনিরুদ্ধস্য অনিরুদ্ধাখ্যা মূর্ত্তিঃ কৃষ্ণস্য কৃষ্ণাখ্যা মূর্ত্তিঃ অস্তীত্যর্থঃ ॥ ৩৪ ॥

সেই সকল বনে রামের অর্থাৎ বলদেবের রামাখ্যা মূর্ত্তি প্রদ্যুম্নের প্রদ্যুম্নাখ্যা মূর্ত্তি, অনিরুদ্ধের অনিরুদ্ধাখ্যা মূর্ত্তি এবং কৃষ্ণের কৃষ্ণাখ্যা মূর্ত্তি অধিষ্ঠিত আছে ॥ ৩৪ ॥

মূ বনেষ্বেবং মথুরাস্বেবং দ্বাদশ মূর্ত্তয়ো ভবন্তি ॥ ৩৫ ॥

এবম্প্রকারাঃ তেষ্বেব বনেষু তথা এবম্প্রকারাঃ মথুরাসু মথুরা প্রদেশেষু, দ্বাদশ মূর্ত্তয়ঃ। রৌদ্রী, (১) ব্রাহ্মী (২) দৈবী (৩) মানবী (৪) বিনাশিনী (৫) কাম্যা (৬) আর্ষী (৭) গান্ধর্ব্বী (৮) গৌঃ (৯) অন্তর্দ্ধানস্থা (১০) স্বপদঙ্গতা (১১) ভূমিস্থা (১২ ॥ ৩৫ ॥

যেরূপ দ্বাদশবনে উল্লিখিত মূর্ত্তি সকল আছে তদ্রূপ মথুরা প্রদেশেও রৌদ্রী, ব্রাহ্মী, দৈবী, মানবী, বিঘ্ননাশিনী, কাম্যী, আর্ষী, গান্ধর্বী, গো, অন্তর্দ্ধানস্থা, স্বপদংগতা এবং ভুমিষ্ঠা ইত্যাদি দ্বাদশ মূর্ত্তি আছে ॥ ৩৫ ॥

উক্ত দ্বাদশ মূর্ত্তির প্রত্যেকের উপাসক সকল বলিতেছেন যথা— (একাংহীতি)

মু একাংহিরুদ্রা যজন্তি দ্বিতীয়াং হি ব্রহ্মা যজতি তৃতীয়াং ব্রহ্মজা যজন্তি চতুর্থীং মরুতো যজন্তি পঞ্চমীং বিনায়কা যজন্তি ষষ্ঠীং বসবো যজন্তি সপ্তমীমৃষয়ো যজন্তি অষ্টমীং গন্ধর্ব্বা যজন্তি নবমীমপ্সরসো যজন্তি দশমী বৈহ্যন্তর্দ্ধানে তিষ্ঠতি একাদশমেতি স্বপদং গতা দ্বাদশমেতি ভূম্যাং তিষ্ঠতি ॥ ৩৬ ॥

দ্বাদশ মূর্ত্তিনাং প্রত্যেকমুপাসকানাহ। একাংহি রুদ্রা যজন্তি। দ্বিতীয়াং ব্রহ্মা যজতি। তৃতীয়াং ব্রহ্মজাঃ সনৎকুমারাদয়ঃ যজন্তি। চতুর্থীং মরুতঃ মরুদ্গণাঃ যজন্তি। পঞ্চমীং বিনায়কা যজন্তি। ষষ্ঠীং বসবো যজন্তি। সপ্তমীমৃষয়ো যজন্তি। অষ্টমীং গন্ধর্ব্বা যজন্তি। নবমী মপ্সরসো যজন্তি। দশমীবৈ, অন্তর্দ্ধানে তিষ্ঠতি গুপ্তাতিষ্ঠতি, ইত্যর্থঃ। একাদশমেতি যা প্রসিদ্ধা, সা স্বপদং বিষ্ণুপদং আকাশাখ্যং গতা প্রাপ্তা দ্বাদশমেতি যা প্রসিদ্ধা, সা ভূম্যাং তিষ্ঠতি ॥ ৩৬ ॥

একা মূর্ত্তিকে রুদ্রগণ পূজা করেন, দ্বিতীয়া মূর্ত্তিকে ব্রহ্মা, তৃতীয়া মূর্ত্তিকে সনৎকুমারাদি, চতুর্থী মূর্ত্তিকে মরুদ্গণ, পঞ্চমী মূর্ত্তিকে বিনায়কগণ, ষষ্ঠী মূর্ত্তিকে বসুগণ, সপ্তমী মূর্ত্তিকে ঋষিগণ, অষ্টমী মূর্ত্তিকে গন্ধর্ব্বগণ, এবং নবমী মূর্ত্তিকে অপ্সরাগণ, পূজা করেন। দশমী মূর্ত্তি স্বয়ং গুপ্তা থাকেন, একাদশী মূর্ত্তি আকাশাখ্য পদ প্রাপ্ত হইয়াছেন। দ্বাদশী মূর্ত্তি স্বয়ং ভূমিতে অধিষ্ঠিতা আছেন ॥ ৩৬ ॥

দ্বাদশ মূর্ত্তির মধ্যে ভূমিষ্ঠা মূর্ত্তি পূজার ফলাতিশয় বলিতেছেন। যথা।— (তাংহীতি)

মূ. তাং হি যে যজন্তি তে মৃত্যুং তরন্তি মুক্তিং লভন্তে।
গর্ভ জন্ম জরা মরণ তাপত্রয়াত্মকং দুঃখং তরন্তি ॥ ৩৭ ॥

তৎ পূজকানাং ফলাতিশয়মাহ, তাংহীতি। তাং ভূমিষ্ঠাং মূর্ত্তিং, যে যজন্তি তে মৃত্যুং অবিদ্যা কাম কর্ম্মাখ্যং তরন্তি তদ্বিমুক্তা ভবন্তি, ইত্যর্থঃ। মুক্তিং লভন্তে। গর্ভ জন্ম জরা মরণ তাপত্রয়াত্মকং অধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিক তাপ ত্রয়োত্থং দুঃখং তরন্তি দুঃখ হেতুনামবিদ্যাদীনাং নিবৃত্তত্বাদিত্যর্থঃ ॥ ৩৭ ॥

যাঁহারা ভূমিষ্ঠা মূর্ত্তির পূজা করেন তাঁহারা অবিদ্যা কাম কর্ম্মাখ্য মৃত্যু হইতে উত্তীর্ণ হন্ এবং মুক্তি লাভ করেন আর দুঃখের হেতু ভূত অবিদ্যাদির নিবৃত্তি জন্য গর্ভ জন্ম জরা মরণ আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক রূপ তাপত্রয় হইতে উত্তীর্ণ হন্ ॥ ৩৭ ॥

উক্ত বিষয়ে মন্ত্র সকল বলিতেছেন। যথা।— (তদপীতি)

মূ তদপ্যেতে শ্লোকা ভবন্তি।
প্রাপ্য মথুরাং পুরীং রম্যাং সদাব্রহ্মাদিসেবিতাম্।
শঙ্খ চক্রগদা শার্ঙ্গ রক্ষিতাং মুশলাদিভিঃ ॥ ৩৮ ॥

উক্তার্থে মন্ত্র সম্মতিমাহ, তদপীতি। তৎ তত্র মথুরায়াঃ কৃষ্ণাশ্রয়ত্বে ব্রহ্মাদি সেবিতত্বেচ, এতেশ্লোকাঃ মন্ত্রা অপি, ভবন্তি ইত্যর্থঃ। প্রাপ্য মথুরাং পুরীং রম্যামিতি। তাং মথুরাং পুরীং প্রাপ্য দেবা মনুষ্যা গন্ধর্ব্বাদয় স্তিষ্ঠন্তীতি শেষঃ। কীদৃশীং শঙ্খ চক্র গদাশার্ঙ্গৈঃ রক্ষিতাং তথা মুশলাদিভিঃ বলদেবাদ্যায়ুধৈঃ উপলক্ষিতাং ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

মথুরার কৃষ্ণাশ্রয়ত্বে ও ব্রহ্মাদি সেবিতত্বে মন্ত্র সকল আছে যথা— সদা ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক সেবিতা এবং শঙ্খ চক্র গদা শার্ঙ্গ ও মুশলাদি দ্বারা পরিরক্ষিতা মথুরাপুরী ॥৩৮

মূ যত্রাসৌ সংস্থিতঃ কৃষ্ণ স্ত্রিভিঃ শক্ত্যা সমাহিতঃ।
রামানিরুদ্ধ প্রদ্যুম্নৈ রুক্মিণ্যা সহিতো বিভুঃ ॥ ৩৯ ॥

যত্রাসাবিতি। ত্রিভিঃ বলদেবাদিভিঃ শক্ত্যা রুক্মিণ্যা, সহিতঃ কৃষ্ণ যত্র সংস্থিতঃ তাং পুরীং প্রাপ্য দেবাদয় স্তিষ্ঠন্তীতি সম্বন্ধঃ। ইদমেব বিবৃণোতি, রামানিরুদ্ধ প্রদ্যুম্নৈরিতি ॥ ৩৯ ॥

যাহাতে রাম, অনিরুদ্ধ ও প্রদ্যুম্ন এবং রুক্মিণী এই চারি জনের সহিত শ্রীকৃষ্ণ সংস্থিত আছেন তাহা প্রাপ্ত হইয়া দেবতা মনুষ্য ও গন্ধর্ব্বাদি নিরন্তর অবিস্থিতি করিতে-ছেন ॥ ৩৯ ॥

এজন্য শ্রীকৃষ্ণাবতার সর্ব্বাবতারের শ্রেষ্ঠ এবং মথুরা পুরীই তাঁহার বাসস্থান আর পূর্ব্বে গান্ধর্বী প্রশ্ন করিয়া ছিলেন যে শ্রীকৃষ্ণের ব্রহ্মত্ব কিরূপে হয়, মুনিবর দুর্ব্বাসা এই প্রশ্নের উত্তর দিবার জন্য প্রণবের অর্থ বলিতেছেন। যথা।— (চতুরিতি)

মূ চতুঃ শব্দো ভবেদেকো হ্যোঙ্কারঃ সমুদাহৃতঃ ॥ ৪০ ॥

তদেবং কৃষ্ণাবতারোঽবতারাণাং শ্রেষ্ঠো মথুরা চাস্যস্থানমিত্যুক্তং ভবতি। কথং বৈ অস্য ব্রহ্মতা ভবতীত্যাদে উত্তরং বক্তুং প্রণবার্থত্ত্ব মাহ, চতুরিতি। চত্বারঃ শব্দাঃ রামানিরুদ্ধাদয়ো বাচকাঃ যস্য চতুঃশব্দঃ চতুর্ব্যূহঃ। একঃ ঈশ্বরঃ ভবেৎ ভবতি। অত্রহেতুমাহ, হ্যোঙ্কারস্যেতি। হি যস্মাৎ কারণাৎ ওঙ্কারস্য অকারোকার মকারার্দ্ধ মাত্ররূপৈঃ অংশৈঃ কৃতঃ রাম প্রদ্যুম্নানিরুদ্ধ কৃষ্ণাভিধেয়ো ব্যূহ সমুদায় ইত্যর্থঃ ॥ ৪০ ॥

অকার, ওকার, মকার ও অর্দ্ধচন্দ্র বাচক রামাদি চতুর্ব্যূহ এক প্রণব রূপী ঈশ্বর হয়েন। যে হেতু প্রণবের চারি অংশে রাম প্রদ্যুম্ন অনিরুদ্ধ ও কৃষ্ণ এই সমুদায় ব্যূহ আছে ॥ ৪০ ॥

যাঁহাকে স্মরণ করিলে এই সংসার হইতে মুক্ত হয়, গান্ধর্বীর এই প্রশ্নের উত্তর বলিতেছেন। যথা।- (তস্মাদিতি)

মূ　তস্মাদ্দেবঃ পরো রজসেতি সোঽহমিত্যবধার্য্যা
　　আত্মানং গোপালোঽহমিতি ভাবয়েৎ ॥ ৪১ ॥

যং চ স্মৃত্বা মুক্তা অস্মাৎ সংসারাদিত্যস্যোত্তরমাহ, তস্মাদিতি। তস্মাৎ প্রণবাভিধেয়াৎ, রজসঃ কামকর্ম্মাত্মকাৎ, পরঃ ইত্যেবং পরঃ ইত্যেবং বিধো যঃ দেবঃ সোঽহমিতি,অবধার্য্য মনসা নিশ্চিত্য, আত্মানং গোপালোঽহমিতি ভাবয়েৎ। রজসেতি সন্ধিশ্ছান্দসঃ। আত্ম স্বরূপ গোপালাত্মাহমিত্যুপাসীতেতি বাক্যার্থঃ ॥ ৪১ ॥

প্রণব হইতে এবং কামকর্ম্মাত্মক রজঃ গুণ হইতে পর যে দেব, তিনি আমি, এরূপ মনে নিশ্চয় করিয়া আপনাকে গোপাল রূপে উপাসনা করিবে ॥ ৪১ ॥

এই উৎকৃষ্ট উপাসনার ফল বলিতেছেন। যথা।— (স মোক্ষমিতি)

মূ　সমোক্ষমশ্নুতে স ব্রহ্মত্ব মধিগচ্ছতি স ব্রহ্ম
　　বিদ্ভবতি ॥ ৪২ ॥

বিশিষ্টোপাস্তেঃ ফলানি দর্শয়তি। সঃ উপাসকঃ মোক্ষম্ অবিদ্যা-কাম কর্ম্ম বিয়োগম্ অশ্নুতে সঃ ব্রহ্মত্বং সর্ব্ববৃহত্তম্ অধি গচ্ছতি। অত্র হেতুমাহ, সব্রহ্মবিদ্ভবতীতি ॥ ৪২ ॥

যে উপাসক ব্যক্তি এই রূপে আপনাকে উপাসনা করেন তাঁহার অবিদ্যা কাম কর্ম্ম বিবর্জিত মোক্ষ এবং সর্ব্ব বৃহত্তম ব্রহ্ম প্রাপ্তি হয় ॥ ৪২ ॥

ব্যুৎপত্তি পূর্ব্বক গোপালত্ব দেখাইতেছেন। যথা।— (যো গোপানিতি)

মূ যো গোপান্ জীবান্ বৈ আত্মত্বেনাসৃষ্টি পর্য্যন্ত মালাতি স গোপালো ভবতি ওঁ তৎ যৎ সোহং পরং ব্রহ্ম কৃষ্ণাত্মকো নিত্যানন্দৈক রূপঃ সোহমো স্তদ্‌গোপাল এব পরং সত্যমবাধিতং সোহহ মিত্যাত্মানমাদায় মনসৈক্যং কুর্য্যাৎ আত্মানং গোপালোহহমিতি ভাবয়েদিতি স এবাব্যক্তো নন্তো নিত্যা গোপালঃ ॥ ৪৩ ॥

ব্যুৎপত্তিপূর্ব্বকং গোপালকত্বং দর্শয়তি। গোপান্ জীবান্ আত্মত্বেন আসৃষ্টি পর্য্যন্তম্ আলাতি আদত্তে স্বীকরোতি পদার্থ মুক্তা বাক্যার্থ মাহ, স গোপালো ভবতীতি। গোপালত্বেন বিশিষ্ট ভাবনামুক্তা কৃষ্ণ ত্বেন তামাহ, ওঁ তৎ যৎ সোহহমিতি। ওন্তচ্ছব্দাভ্যাং বাচ্যং যৎ পরং ব্রহ্ম সোহহং ইত্যবধার্য্যাত্মানং ইত্যানুবর্ত্তনীয়ং ততঃ কৃষ্ণাত্মকো নিত্যানন্দৈক রূপঃ অহম্ ইতি ভাবয়েদিতি শেষঃ। কৃষ্ণাত্মক ইত্যস্যৈব ব্যাখ্যানং নিত্যানন্দৈক রূপ ইতি। কৃষ সত্তায়ামিতিধাত্বর্থাস্ত শব্দস্য চানন্দার্থত্বাৎ ব্রহ্মাত্মৈক্য ভাবন পূর্ব্বকং গোপালৈক্য ভাবনা মাহ, ওর্ত্তদ্গোপাল এবপরং সত্যমিতি। ওন্তচ্ছব্দবাচ্যং পরং সত্য মবাধিতং ব্রহ্ম গোপালএব সঃ গোপালঃ অহম্ ইতি আত্মানং মনসা আদায় জ্ঞাত্বা ঐক্যং কুর্য্যাৎ। তদেব বিবৃণোতি, আত্মানং গোপালোহহমিতি ভাবয়েদিতি। গোপালাত্মৈক্য ভাবেন হেতুমাহ। স এবাব্যক্তোনন্তঃ তং ভাবয়েদিত্যর্থঃ। মায়ায়ামতিব্যাপ্তিং বারয়তি, অনন্ত ইতি। দেশ-তোহনন্তত্বং মায়ায়ামপীত্যত আহ নিত্যইতি। পুরুষার্থ হেতুতামাহ, গোপাল ইতি ॥ ৪৩ ॥

যিনি গোপগণকে অর্থাৎ জীবসমূহকে আত্মত্বরূপে সৃষ্টি পর্য্যন্ত অঙ্গীকার করেন তিনি গোপাল বলিয়া উক্ত হন। ওঁ তৎ শব্দ দ্বয়ের বাচ্য যে পরম ব্রহ্ম সেই আমি ইহা মনে অবধারণ করত নিত্যানন্দ রূপী শ্রীকৃষ্ণই আমি এতাদৃশী ভাবনা করিবে। এবং ওঁ তৎ শব্দ বাচ্য যে পরম, সত্য,

অবাধিত, ব্রহ্ম, গোপাল তিনিই আমি ইহা মনে জ্ঞাত হইয়া ভাবনা করিবে, যে হেতু তিনিই অব্যক্ত, অনন্ত, নিত্য, এবং গোপাল ॥ ৪৩ ॥

কে এই অবতারের নিত্য আশ্রয় এই আশঙ্কায় নারায়ণ দেব ব্রহ্মাকে কহিতেছেন। যথা।— (মথুরায়ামিতি)

মূ মথুরায়াং স্থিতির্ব্রহ্মন্ সর্ব্বদামে ভবিষ্যতি।
শঙ্খ চক্র গদা পদ্ম বনমালাবৃতস্তুবৈ ॥ ৪৪ ॥

কোবাস্যাবতারস্যাশ্রয়ো নিত্যমিত্যাশঙ্ক্য নারায়ণো ব্রহ্মাণং প্রত্যাহ মথুরায়াং স্থিতিরিতি। যোহং শঙ্খচক্রাদিভিরাবৃতঃ তুবৈ প্রসিদ্ধং তস্য মে সর্ব্বদা মথুরায়াং স্থিতির্ভবিষ্যতি ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

হে ব্রহ্মন্! শঙ্খ চক্র গদা পদ্ম বনমালাধারী হইয়া সর্ব্বদা আমারই মথুরায় অবস্থিতি হইবে ॥ ৪৪ ॥

মূ বিশ্বরূপং পরং জ্যোতিঃ স্বরূপং রূপবর্জ্জিতম্।
হৃদা মাং সংস্মরন্ ব্রহ্মন্ মৎপদং যাতি নিশ্চিতং ॥ ৪৫ ॥

বিশ্বরূপ মিতি। বিশ্বরূপং পরং উৎকৃষ্টং নিত্যং জ্যোতিঃ স্বরূপং স্ব প্রকাশং চৈতন্যাত্মকং বস্তুতঃ রূপবর্জ্জিতং মাং হৃদা সংস্মরন্ পুরুষঃ নিশ্চিতং মৎপদং যাতি ॥ ৪৫ ॥

হে পদ্মজ! যে পুরুষ আমাকে বিশ্বরূপ এবং জ্যোতিঃ স্বরূপ ও রূপবর্জ্জিত রূপে স্মরণ করেন নিশ্চয় তিনি আমার পদ প্রাপ্ত হয়েন ॥ ৪৫ ॥

ঐ গোপাল রূপি ব্রহ্মের পূজা কি প্রকার এই প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন। যথা—(মথুরেতি)

মূ মথুরা মণ্ডলে যস্তু জম্বুদ্বীপে স্থিতোপিবা।
যোঽর্চ্চয়েৎ প্রতিমাং মাঞ্চ সমেপ্রিয়তরোভুবি॥ ৪৬॥

কীদৃশী পূজাস্তেত্যস্তোত্তর মাহ, মথুরেতি। মথুরা মণ্ডলে যস্তু জম্বু-দ্বীপেস্থিতোপিবা প্রতিমাং শিলাদিময়ীং মাঞ্চ ধ্যান ভাবিতং ভুবি সম্যক্ অর্চ্চয়েৎ সঃ মে মম প্রিয়তরঃ বল্লভঃ ভবতি॥ ৪৬॥

হে পদ্মযোনে! যে ব্যক্তি মথুরা মণ্ডলে অথবা জম্বু দ্বীপের যে কোন স্থানেই হউক অবস্থিত হইয়া আমার শিলাদিময়ী মুর্ত্তি অথবা ধ্যান ভাবিত আমাকে অবনীতলে পূজা করেন তিনি আমার প্রিয়তম হয়েন॥ ৪৬॥

মূ তস্যামধিষ্ঠিতঃ কৃষ্ণরূপী পূজ্য ত্বয়াসদা।
চতুর্দ্ধা চাস্যাধিকার ভেদত্বেন যজন্তিমাম্॥ ৪৭॥

তস্যামিতি। হে ব্রহ্মন্ তস্যাং মথুরায়াং অধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতঃ কৃষ্ণরূপী অহং ত্বয়া সদা পূজ্যঃ। চতুর্ব্যূহ পূজনোপদেশ মভিপ্রেত্য তত্র সম্প্রদায়ং দর্শয়তি চতুর্দ্ধাচেতি। পূজ্যত্বেন অধিক্রিয়ন্ত ইতি অধি-কারাঃ অন্তরূপাণি, তেষাং ভেদত্বেন ভিন্নত্বেন, মাং চতুর্দ্ধা যজন্তি॥ ৪৭

হে ব্রহ্মন্! আমি মথুরায় কৃষ্ণ রূপে অধিষ্ঠিত হইয়া সর্ব্বদা তোমার পূজ্য হইয়াছি এবং অধিকারি ভেদে চতুর্ব্যূহো পাসকেরা চতুর্ব্যূহ রূপে চতুর্দ্ধা ভেদ কল্পনা পূর্ব্বক আমাকে পূজা করেন॥ ৪৭॥

ভগবান্নারায়ণ চতুর্ব্যূহ বিস্তার করিয়া বলিতেছেন। যথা। (যুগাম্বু ইতি)

মূ যুগাম্বু বর্ত্তিনো লোকা যজন্তীহ সুমেধসঃ।
গোপালং সানুজং রাম রুক্মিণ্যাসহ তৎপরং॥ ৪৮॥

এতদেব বিবৃণোতি। যুগানুবর্ত্তিনঃ সুমেধসঃ লোকাঃ ইহ জম্বুদ্বীপে গোপালাদিকং মাং যজন্তি। চতুর্ব্যূহং বিবৃণোতি, গোপালমিতি। অনুপশ্চাৎ জায়তে তৌ, অনুজৌ প্রদ্যুম্নানিরুদ্ধৌ, তাভ্যাং সহিতং, সানুজং গোপালং। কীদৃশং, রাম রুক্মিণ্যা সহ বর্ত্তমানং। তথাচ গোপাল সঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধাত্মক চতুর্ব্যূহঃ শক্ত্যা সহিত উক্তো ভবতি। পুনঃ কীদৃশং তৎপরং রামাদিষু অনুরক্তং। যদ্বা তৎপরং একাগ্রং যথাস্যাত্তথা, যজন্তীতি সম্বন্ধঃ ॥ ৪৮ ॥

ব্রহ্মন্! যুগানুবর্ত্তী সুমেধা মানবগণ জম্বুদ্বীপ মধ্যে অবস্থিতি করতঃ প্রদ্যুম্ন অনিরুদ্ধ রাম ও রুক্মিণীর সহিত গোপাল রূপি আমাকে পূজা করেন ॥ ৪৮ ॥

চতুর্ব্যূহই এক বিষ্ণু তাঁহার পৃথকত্ব নাই। যথা (গোপালোহ মিতি)

মূ গোপালোহমজোনিত্যঃ প্রদ্যুম্নোহং সনাতনঃ।
রামোহং অনিরুদ্ধোহমাত্মানমর্চ্চয়েদ্বুধঃ ॥ ৪৯ ॥

অয়ং চতুর্ব্যূহ একোবিষ্ণুরেব নতুবিষ্ণোঃ পৃথগিত্যাহ, গোপালোহ মিতি। গোপালাদরশ্চত্বারোপি অহং বিষ্ণুরেব, ততঃ আত্মানং বিষ্ণুং মাং চতুর্বিধং বুধঃ বিদ্বান্, অর্চ্চয়েৎ, ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

ব্রহ্মন্! আমি নিত্য আমার জন্ম নাই, আমিই সনাতন, আমিই গোপাল, আমিই রাম, আমিই প্রদ্যুম্ন, এবং আমিই অনিরুদ্ধ, অতএব পণ্ডিতগণ চতুর্ব্যূহ রূপে আমারই অর্চ্চনা করিয়াথাকেন ॥ ৫৯ ॥

নারায়ণদেব প্রশ্নোত্তর দ্বারা ভগবান্ শ্রীকৃষ্ণের কথা অবতরণ করণ জন্য শ্রীকৃষ্ণের স্বরূপ বলিতেছেন ॥ যথা।

মূ ময়োক্তেন সধর্ম্মেণ নিষ্কামেন বিভাগশঃ।
তৈরয়ং পূজনীয়োবৈ ভদ্রকৃষ্ণ নিবাসিভিঃ ॥ ৫০ ॥

ময়োক্তেনেতি। ময়া মন্বাদিরূপিণা, বিভাগশো বর্ণাশ্রমাদি ভেদ প্রোক্তেন সধর্ম্মেণ বর্ণাশ্রম ধর্ম্মেণ, ভদ্র কৃষ্ণ বনয়োঃ নিত্যবাসিভিঃ তৈঃ প্রসিদ্ধৈঃ বর্ণাশ্রম ধর্ম্মৈঃ, অয়ং চতুর্বিধঃ কৃষ্ণঃ পূজনীয়ঃ ইত্যর্থঃ ॥ ৫০ ॥

মন্বাদিরূপে আমা কর্ত্তৃক কথিত যে বর্ণাশ্রম ধর্ম্ম তদ্দ্বারা ভদ্রবন ও কৃষ্ণবনের অন্তর্ব্বর্ত্তী মানবগণ কর্ত্তৃক চতুর্ব্যূহ শ্রীকৃষ্ণই পূজনীয় ॥ ৫০ ॥

যদি মৎপরায়ণ ব্যক্তি বর্ণাশ্রম ধর্ম্মও ভ্রষ্ট হয় তথাপি তাহাদের মধুপুরীতে অবস্থিতি হইবে কিন্তু বর্ণাশ্রম ধর্ম্ম পরায়ণ হইয়া যদি আমার বহির্ম্মুখ হয় তাহা হইলে তাহাদের কখনই ঐ পুরীতে অবস্থিতি হইবেক না। যথা (তদ্ধর্ম্মেতি)

মূ তদ্ধর্ম্ম গতিহীনা যে তস্যাংময়ি পরায়ণাঃ।
কলিনা গ্রসিতা যেবৈ তেষাং তস্যামবস্থিতিঃ ॥ ৫১ ॥

স্ব ধর্ম্ম বিহীনানামপি মৎ পরায়ণানামেব মৎপূর্য্যামবস্থিতির্নত্বভক্তানা মিত্যাহ, তদ্ধর্ম্ম গতিহীনা ইতি। কলিনা, গ্রসিতাঃ গ্রস্তাঃ সন্তঃ তদ্ধর্ম্ম গতি হীনাঃ আশ্রমাচার রহিতা অপি, যে তস্যাং পূর্য্যাং মৎপরা ভবন্তি বৈ তেষাং এব তস্যাং পূর্য্যাং, অবস্থিতিঃ নান্যেষামিত্যর্থঃ ॥ ৫১ ॥

কেলিগ্রস্ত যে সকল মানব বর্ণাশ্রম ধর্ম্মভ্রষ্ট হইয়া মথুরায় অবস্থিতি করত যদি মৎ পরায়ণ হয় তবে তাহাদেরও সেই পুরীতে অবস্থিতি হইবে কিন্তু অন্যের অর্থাৎ মদ্ধর্ম্ম পরাঙ্মুখ জনের কখন মধুপুরীতে অবস্থিতি হইবেক না ॥ ৫১ ॥

মৎপরায়ণ মানবের মধুপুরীতে অবস্থিতির কারণ বলিতেছেন। যথা (যথাত্বং সহেতি)

মূ　যথাত্বং সহ পুত্রৈস্তু যথারুদ্রো গণৈঃ সহ।
　　যথাশ্রিয়াভিযুক্তোহং তথা ভক্তো মমঃ প্রিয়ঃ॥ ৫২॥

অত্র হেতুমাহ, যথেতি। যথা, পুত্রৈঃ সনকাদিভিঃ, সহ ত্বং যথা চ গণৈঃ সহ, রুদ্রঃ যথা চ শ্রিয়া অভিযুক্তঃ সহিতঃ অহং মমপ্রিয়ঃ তথা ভক্তো মম প্রিয়ঃ অতস্তত্র পুরি ভক্তানামেবস্থিতিরিতি শেষঃ॥ ৫২॥

হে ব্রহ্মন্! সনকাদি পুত্রগণের সহিত যেমন তুমি, গণের সহিত যেমন রুদ্র এবং লক্ষ্মীর সহিত যেমন আমি আমার প্রিয় তদ্রূপ ভক্ত জনও আমার প্রিয়, এজন্য ভক্তদেরই সেই পুরীতে অবস্থিতি হয়॥ ৫২॥

মূ　সহোবাচাব্জযোনিশ্চতুর্ভির্দেবৈঃ কথমেকো
　　দেবঃস্যাদেকমক্ষরং যদ্বিশ্রুতমনেকাক্ষরং
　　কথং ভুতং সহোবাচ তংহিবৈ পূর্ব্বংহি
　　একমেবাদ্বিতীয়ং ব্রহ্মাসীৎ তস্মাদব্যক্ত
　　মব্যক্তমেবাক্ষরংতস্মাদক্ষরাৎ মহত্তত্ত্বং
　　মহতো বৈ হঙ্কার স্তস্মাদেবাহঙ্কারাৎ
　　পঞ্চতন্মাত্রাণি তেভ্যোভূতানি তৈরাবৃত
　　মক্ষরং ভবতি অক্ষরোহমোঙ্কারোহমজরো
　　হমরো হভয়োহমৃতো ব্রহ্মাভয়ংহিবৈ স মু
　　ক্তোহমস্মি অক্ষরোহমস্মি সত্তামাত্রং বিশ্ব
　　রূপং প্রকাশং ব্যাপকং তথা একমেবা
　　দ্বিতীয়ং ব্রহ্ম মায়য়া তু চতুষ্টয়ম্॥ ৫৩॥

সঃ এবম্প্রবোধিতঃ হ প্রসিদ্ধঃ, অব্জযোনিঃ উবাচ। কিং। চতুর্ভি-র্দেবৈঃ গোপাল রামাদিভিঃ কথমেকো দেব স্যাৎ, অনেকেষামেকত্বং ব্যাহতমিত্যর্থঃ। একমক্ষরং যৎ প্রণবাখ্যং, বিশ্রুতং তর্হি কথং গো-পালরামাদ্যনেকাক্ষরং, ভূতং জাতং। সহেতি। এবং পৃষ্টঃ হ প্রসিদ্ধঃ বিষ্ণুঃ তং হিবৈ উবাচ। একস্যানেকাত্মকত্বমুপ পাদয়িতুং তস্য জগ-ন্মূল কারণত্বং বক্তু মাহ, পূর্ব্বং হি একমেবাদ্বিতীয়মিত্যাহ। পূর্ব্বং. সৃষ্টেঃ প্রাক্ একং সজাতীয় ভেদ রহিতম্ এব শব্দাৎ স্বগত ভেদ রহি-তম্, অদ্বিতীয়ং বিজাতীয় ভেদ রহিতম্ ব্রহ্ম, আসীৎ। তস্মাৎ ব্রহ্মণঃ অব্যক্তং সর্ব্ব কার্য্য কারণ শক্তিঃ অব্যক্তম্ আসীৎ। অব্যক্তমেবেতি। যৎ অব্যক্তং তৎ অক্ষরং ব্রহ্ম এব তচ্ছক্তি রূপত্বাৎ। তস্মাদক্ষরান্মহত্তত্বং মহতোবৈহঙ্কারঃ। অহঙ্কার বর্ণ লোপশ্ছান্দসঃ। তস্মাদেবাহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণি ভূতসূক্ষ্মা পর পর্য্যায়াঃ তেভ্যঃ ভূতানি পঞ্চমহাভূতানি, ইত্যর্থঃ। তৈরাবৃতমিতি। তৈঃ মহদাদিভিঃ কার্য্যভূতৈঃ আবৃতম্ ব্যাপ্তং, অক্ষরং চেতি ঘট শরাবাদিভিরিব, মৃৎ। অক্ষরোহমিতি। অব্যা-কৃতাক্ষরাত্মকো বিষ্ণুঃ ওঙ্কারঃ, চ অহম্। ওঙ্কারাক্ষর ব্রহ্মণ ঐক্যোপ পাদনায় ওঙ্কারে ব্রহ্ম ধর্ম্মানাহ, অজর ইতি। অজরোঽমবঃ জরামরণ শূন্যঃঅভয়ঃ অবিদ্যা কাম কর্ম্ম শূন্যঃ অমৃতঃ আনন্দাত্মকঃ, ওঙ্কার ইতি শেষঃ। তথাবিধ ব্রহ্ম প্রতীকত্বাৎ অথ অক্ষর ধর্ম্মানাহ, ব্রহ্মেতি। অক্ষরঃ অব্যাকৃতাখ্যঃ, অভয়ং হিবৈ ব্রহ্ম, ব্রহ্মশক্তি সমুদায় রূপত্বাৎ অথ ব্রহ্ম ধর্ম্মানাহ, মুক্তোহমিতি। অহং মুক্তঃ অবিদ্যা স্পর্শ রহিতঃ, অস্মি, অক্ষরোহম্ অবিনাশী অহম্, অস্মি ইত্যর্থঃ। ওঙ্কারঃ, ব্রহ্ম, তৎ প্রতীকত্বাৎ তথাক্ষর মব্যাকৃতং ব্রহ্ম, তচ্ছক্তি রূপত্বাদিতি বিবিক্তি-তার্থঃ। নন্বেবং ব্রহ্মচেৎ কথং চতুষ্টয়ং সম্পন্ন মিত্যাশঙ্ক্য মন্ত্রমাহ, সত্তামাত্রং বিশ্বরূপং প্রকাশং ব্যাপকং তথা একমেবা দ্বিতীয়ং ব্রহ্ম মায়-য়া তু চতুষ্টয়ম্, ইতি স্পষ্টং ॥ ৫৩ ॥

পদ্মযোনি এই রূপে প্রবোধিত হইয়া নারায়ণ দেবকে জিজ্ঞাসা করিলেন, প্রভো! কি রূপে গোপালাদি দেব-চতুষ্টয়ে এক হইলেন, যে হেতু অনেকের একত্ব সম্ভব হয় না,

আর প্রণবাখ্য যে এক অক্ষর বিশ্রুত আছে তাহা কিরূপে গোপাল রামাদি অনেকাক্ষরে উৎপন্ন হইল। ব্রহ্মার এই প্রশ্নে ভগবন্ কহিলেন ব্রহ্মন্! সৃষ্টির পূর্ব্বে কেবল সজাতীয় বিজাতীয় ও স্বগতভেদ রহিত এক মাত্র ব্রহ্ম ছিলেন, তাহাঁ হইতে কার্য্য কারণ শক্তি স্বরূপ অব্যক্ত হইলেন, যিনি অব্যক্ত তিনিই ব্রহ্ম, সেই ব্রহ্ম হইতে মহৎ উৎপন্ন হইল এবং মহৎ হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে ভূতসুক্ষ্ম রূপ পঞ্চতন্মাত্র ও পঞ্চ তন্মাত্র হইতে পঞ্চ মহাভূতের সৃষ্টি হইল, সেই কার্য্য রূপি মহদাদি ভূতগণে অক্ষর বেষ্টিত হয়েন। আমি সেই অব্যাকৃত অক্ষর রূপী ওঙ্কার, প্রণব, অজর, অমর, অভয়, ও অমৃত। এই অব্যাকৃত অক্ষর অভয় রূপ ব্রহ্ম। আমি অবিদ্যাস্পর্শ রহিত এবং অবিনাশী। যেমন ওঙ্কার ব্রহ্ম তদ্রূপ অব্যাকৃত অক্ষর ও ব্রহ্ম। অতএব তিনি অদ্বিতীয় ব্রহ্ম,কেবল মায়া দ্বারা চতুর্দ্ধা ভেদ হইয়াছে ॥ ৫৩ ॥

মায়াকর্ত্তৃক কিরূপে চতুষ্টয় হইলেন তাহার বিস্তার করিতেছেন। যথা (রোহিণীতি)

মূ রোহিণী তনয়োরামো অকারাক্ষর সম্ভবঃ।
তৈজসাত্মক প্রদ্যুম্ন উকারাক্ষর সম্ভবঃ ॥ ৫৪ ॥

মায়য়া চতুষ্টয়ত্বং বিবৃণোতি, রোহিণী তনয় ইতি। অকারাক্ষরাবচ্ছিন্নয়া মায়য়া সম্ভবঃ আবির্ভাবো যস্য সঃ অকারাক্ষরসম্ভবঃ, রোহিণী তনয়ঃ, রামঃ বিশ্বাত্মকো জাগ্রদবস্থাধিষ্ঠাতৃ সমষ্টিরূপ ইত্যর্থঃ। তৈজসাত্মক ইতি উকারাক্ষরাবচ্ছিন্নয়া মায়য়া প্রাদুর্ভূতঃ, প্রদ্যুম্নঃ তৈজসাত্মকঃ স্বপ্নাবস্থাধিষ্ঠাতৃ সমষ্টিরূপ ইত্যর্থঃ ॥ ৫৪ ॥

অকার অক্ষর হইতে রোহিণীনন্দন রাম প্রাদুর্ভূত হইয়াছেন, তিনি বিশ্বাত্মক অর্থাৎ জাগ্রদবস্থার অধিষ্ঠাতৃ সমষ্টি স্বরূপ। উকারাক্ষর হইতে প্রদ্যুম্ন প্রাদুর্ভূত হয়েন, তিনি তৈজসাত্মক অর্থাৎ স্বপ্নাবস্থার অধিষ্ঠাতৃ সমষ্টি রূপ ॥ ৫৪ ॥

মু 'প্রজ্ঞাত্মকোঽনিরুদ্ধোবৈ মকারাক্ষর সম্ভবঃ।
অর্দ্ধমাত্রাত্মকঃ কৃষ্ণো যস্মিন্ বিশ্বপ্রতিষ্ঠিতম্ ॥ ৫৫ ॥

প্রজ্ঞাত্মক ইতি। মকারাবচ্ছিন্নয়া মায়য়া প্রাদুর্ভূতঃ অনিরুদ্ধঃ, প্রজ্ঞাত্মকঃ সুষুপ্তাবস্থাধিষ্ঠাতৃরূপ ইত্যর্থঃ। শ্রীকৃষ্ণস্তু অবস্থা ত্রয়াতীতং তুরীয়ং ধামেত্যাহ অর্দ্ধমাত্রাত্মকইতি। অর্দ্ধমাত্রা বিশেষতোমুচ্চার্য্যাঃ অর্দ্ধমাত্রা স্থিতানিত্যা যামুচ্চার্য্যা বিশেষতঃ ইতি স্মৃতেঃ। তদাত্মকঃ তৎ প্রকাশকঃ কৃষ্ণঃ যস্মিন্ সদানন্দাত্মকে কৃষ্ণে, বিশ্বং প্রতিষ্ঠিতং অধ্যস্তম্ ॥ ৫৫ ॥

মকার অক্ষর হইতে অনিরুদ্ধ উৎপন্ন হইলেন, তিনি প্রাজ্ঞ অথাৎ সুষুপ্তির অধিষ্ঠাতৃ সমষ্টি রূপ, কিন্তু শ্রীকৃষ্ণ অবস্থা ত্রয় বর্জ্জিত তুরীয় পদার্থ তিনিই অর্দ্ধমাত্রা স্বরূপ, তাঁহাতে এই বিশ্ব প্রতিষ্ঠিত অছে ॥ ৫৫ ॥

বিন্দুপ্রতিপাদ্যা রুক্মিণী মূল প্রকৃতি রূপা যথা (কৃষ্ণাত্মিকেতি)

মু কৃষ্ণাত্মিকা জগৎকর্ত্রী মুল প্রকৃতীরুক্মিণী।
ব্রজস্ত্রীজন সম্ভূত শ্রুতিভ্যো ব্রহ্মসঙ্গতঃ ॥ ৫৬ ॥

বিন্দু প্রতিপাদ্যা রুক্মিণী মূল প্রকৃতিরূপেত্যাহ, কৃষ্ণাত্মিকেতি। কৃষ্ণশক্তি রূপত্বাৎ শক্তি শক্তিমতোশ্চাভেদাৎ কৃষ্ণ স্বরূপা, জগৎ কর্ত্রী মূল প্রকৃতিঃ জ্ঞাতব্যা, ইতিশেষঃ। কীদৃশী রুক্মিণীত্যাহ, ব্রজস্ত্রী জন সম্ভূতেতি। ব্রজ স্ত্রী জনে সম্ভূতাঃ প্রসিদ্ধাঃ যাঃ শ্রুতয়ঃ তাভ্যঃ প্রসিদ্ধঃ যো ব্রহ্ম সঙ্গঃ তস্মাৎ হেতোঃ ॥ ৫৬ ॥

ব্রজরামাগণের প্রশ্ন হেতুক যে সকল শ্রুতির প্রাকট্য হয় তদ্দ্বারা প্রসিদ্ধ যে ব্রহ্ম তাঁহার সঙ্গ বশতঃ শক্তি শক্তিমানের অভেদ জন্য কৃষ্ণরূপা জগৎকর্ত্রী বিন্দুপ্রতিপাদিকা রুক্মিণী মূল প্রকৃতি হইয়াছেন ॥ ৫৬ ॥

মূ　প্রণবত্বেন প্রকৃতিং বদন্তি ব্রহ্মবাদিনঃ।
তস্মাদোঙ্কার সম্ভূতো গোপালো বিশ্বসম্ভবঃ ॥ ৫৭ ॥

প্রণবত্বং প্রকৃষ্ট স্তুতিত্বং অসৎ সত্বাদি গুণারোপহেতুত্বং তেনহেতুনা ব্রহ্মবাদিনঃ যদ্বা বিশ্বতৈজসাদি রূপেণ চতুর্দ্ধা সংস্থিতম ইত্যর্থঃ। তস্যাঃ প্রকৃতিত্বং বদন্তি। তস্মাৎ ব্রহ্ম স্বরূপত্বাৎ ওঙ্কারেণ সম্ভূতঃ প্রকৃতি প্রতিপাদ্যত্বাৎ প্রাদুর্ভূতঃ গোপালঃ বিশ্বসংস্থিত ইত্যর্থঃ ॥ ৫৭ ॥

ব্রহ্মবাদি পণ্ডিত গণ প্রণবের অসৎ সত্বাদি গুণারোপ হেতু অথবা বিশ্ব তৈজসাদি চতুর্দ্ধা রূপে সংস্থিতি নিমিত্ত তাঁহাকেই মূল প্রকৃতি বলিয়া থাকেন, অতএব বিশ্ব সম্ভব গোপাল প্রকৃতির প্রতিপাদ্য হইয়াছেন ॥ ৫৭ ॥

মূ　ক্লীমোঙ্কারস্যৈক্যত্বং পঠ্যতে ব্রহ্মবাদিভিঃ।
মথুরায়াং বিশেষেণ মাংধ্যায়ন্ মোক্ষমশ্নুতে ॥ ৫৮ ॥

ক্লীমোঙ্কারস্যৈক্যত্বমিতি। ক্লীমোঙ্কারয়োঃ ঐকত্বং ব্রহ্মবাদিনঃ বদন্তি। অতঃ তৎ পঠ্যতে বীজাদ্যঃ সমন্ত্র ইত্যর্থঃ। উক্ত গোপাল ভজনং মথুরায়ামতিশয়েন ঝটিতি মোক্ষফলদমিত্যাহ মথুরায়ামিতি। মথুরায়াং মাং ধ্যায়ন্ বিশ্বাকারেণ সংস্থিতঃ কিং পুনর্ব্বক্তব্যং চতুর্দ্ধা সংস্থিতঃ বিশেষেণ শীঘ্রম্ মোক্ষং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৫৮ ॥

ব্রহ্মবাদিরা ক্লীঙ্কার ও ওঙ্কারের ঐক্যতা বলেন, উক্তরূপ ভজনানুসারে মথুরায় চতুর্দ্ধারূপে সংস্থিত আমাকে ধ্যান করিলে শীঘ্র মোক্ষ প্রাপ্ত হয় ॥ ৫৮ ॥

আমাকে ধ্যান করিবে এই উক্তি দ্বারা সূচিত ধ্যান বিস্তার করিতেছেন। যথা (অষ্টপত্রমিতি)

মু অষ্টপত্রং বিকশিতং হৃৎপদ্মং তত্র সংস্থিতম্।
দিব্যধ্বজাতপত্রৈস্তু চিহ্নিতং চরণদ্বয়ং ॥ ৫৯ ॥

মাং ধ্যায়ন্ ইত্যনেন স্বচিতং ধ্যানং বিশদয়তি অষ্টপত্রং বিকশিতং হৃৎপদ্মং তত্র সংস্থিতং দিব্যধ্বজাতপত্রৈস্তু চিহ্নিতং চরণদ্বয়মিতি অষ্টপত্র বিকশিত হৃদয়কমল সংস্থিতং মাং নিত্যং যোধ্যায়েদিত্যগ্রে তেন সম্বন্ধঃ। তত্রাদৌ দিব্যধ্বজাতপত্রৈঃ চিহ্নিতং চরণদ্বয়ং ধ্যায়েৎ ॥ ৫৯

বিকশিত অষ্টদল স্বরূপ হৃৎপদ্মে নিত্যই আমি অধিষ্ঠিত আছি, অতএব প্রথমত আমার উৎকৃষ্ট ধ্বজা ছত্র প্রভৃতি চিহ্নে চিহ্নিত চরণদ্বয় ধ্যান করিবে ॥ ৫৯ ॥

মু শ্রীবৎসলাঞ্ছনং হৃৎস্থং কৌস্তুভং প্রভয়াযুতম্।
চতুর্ভুজং শঙ্খচক্র শার্ঙ্গপদ্ম গদান্বিতম্ ॥ ৬০ ॥

হৃৎস্থং শ্রীবৎসলাঞ্ছনং প্রভয়াযুতং চ কৌস্তুভং ধ্যায়েৎ। চতুর্ভুজং চতুর্ভির্গুণিতং ভুজং শঙ্খচক্র গদাশার্ঙ্গ পদ্মান্বিতং ধ্যায়েৎ। শার্ঙ্গং পদ্ময়োরেককরে স্থিতিরিতি বোধ্যম্। তেন কর চতুষ্টয়ে পঞ্চধারণ মুপপন্নম্ ॥ ৬০ ॥

তদনন্তর আমার হৃদয়স্থ শ্রীবৎসচিহ্ন ও প্রভাযুক্ত কৌস্তুভ মণি ধ্যান করিবে, পরে শঙ্খ চক্র গদা শার্ঙ্গ ও পদ্মযুক্ত ভুজ চতুষ্টয়কে ভাবনা করিবে ॥ ৬০ ॥

মু সুকেয়ূরান্বিতং বাহুং কণ্ঠং মালা সুশোভিতম্।
দ্যুমৎ কীরীটং বলয়ং স্ফুরন্মকর কুণ্ডলম্ ॥ ৬১ ॥

বাহুং চ সুকেয়ূরৈঃ অঙ্গদৈঃ অন্বিতং ধ্যায়েৎ। বাহুমিত্যেক বচনং জাত্যভিপ্রায়েণ। তথা কণ্ঠং মালা সুশোভিতং ধ্যায়েৎ। তথা দ্যুমন্ দীপ্তিমান্ কিরীটঃ মুকুটঃ তং স্মরেৎ। তথা স্ফুরন্তী মকরাকারে কুণ্ডলে তয়োর্ব্বন্বিতার্থঃ ॥ ৬১ ॥

তৎপরে সেই বাহু চতুষ্টয় অঙ্গদ যুক্ত ও মালা শোভিত কণ্ঠকে ধ্যান করিবে। তৎপশ্চাৎ দীপ্তি শালী মুকুট ও মকরাকৃতি কুণ্ডলকে স্মরণ করিবে ॥ ৬১ ॥

মূ　হিরণ্ময়ং সৌম্যতনুং স্বভক্তায়াভয়প্রদম্।
　ধ্যায়েন্মনসি মাং নিত্যং বেণুশৃঙ্গধরং তু বা ॥ ৬২ ॥

হিরণ্ময়ং দেদীপ্যমানং বিষ্ণুং তথা সৌম্যতনুং প্রসন্ন মধুরাকৃতিং স্বভক্তায় স্বভক্তেভ্যঃ অভয়প্রদং মোক্ষদম্ ইত্যর্থঃ। অথবা দ্বিভুজং ধ্যায়েদিত্যাহ বেণুশৃঙ্গধরং তুবেতি ॥ ৬২ ॥

পরে আমার তপ্ত সুবর্ণ সদৃশ দেদীপ্যমান সৌম্য মুর্ত্তি যাহা ভক্ত জনকে মোক্ষ প্রদান করে অথবা বেণু শার্ঙ্গ যুক্ত দ্বিভুজ রূপকে সর্ব্বদাই মনোমধ্যে ধ্যান করিবে ॥ ৬২ ॥

অনন্তর ভগবান্ নারায়ণদেব চতুরাননকে মথুরা শব্দের ব্যুৎপত্তি বলিতেছেন। যথা (মথ্যতে ইতি)

মূ　মথ্যতেতু জগৎ সর্ব্বং ব্রহ্ম জ্ঞানেন যেন বা।
　তৎসার ভুতং যদযস্যাং মথুরাসানিগদ্যতে ॥ ৬৩ ॥

অথ মথুরা শব্দার্থমাহ। মথ্যতে সর্ব্বং জগৎ অনেনেতি মথং ব্রহ্মজ্ঞানং গোপাল স্বরূপঞ্চ ব্রহ্মজ্ঞানেন মদন গোপাল রূপেণ বাইতি সম্বন্ধঃ। যৎ অধিষ্ঠানং হি সম্যক্ জ্ঞানং জগদ্ভ্রমং নিবর্ত্তয়তি, তৎ সারভূতং যস্যাং সা মথুরা পুরীত্যর্থঃ ॥ ৬৩ ॥

যেমন দধি মন্থন করিলে তাহার সারভূত নবনীত উৎপন্ন হয় তাহার ন্যায় ব্রহ্ম জ্ঞান দ্বারা সমস্ত জগৎ মন্থন করিয়া তদীয়

সার স্বরূপ মদন গোপাল মূর্ত্তি আবির্ভূত হইয়াছেন। ইত্যাদি কারণে ঐ পুরীর নাম মথুরা ॥ ৬৩ ॥

হৃদয়স্থ অষ্টদল পদ্মের বিস্তার যথা (অষ্টেতি)

মূ অষ্টদিকপালিভির্ভূমিঃ পদ্মং বিকসিতং জগৎ।
সংসারার্ণব সঞ্জাতং সেবিতং মম মানসে ॥ ৬৪ ।

হৃদয়স্থিতং বিকশিতমষ্টপত্রং পদ্মং ব্যাকরোতীতি অষ্টদিক্ পালিভিরিতি। অষ্টদিকপালৈরেব পত্রৈঃ সেবিতং পদ্মং মম মানসে অন্তঃকরণে বিকশিতং সৎ ভূমি এব জগৎ জগদাশ্রয়ং সংসারার্ণবং সঞ্জাতং উৎপন্নমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

অষ্টদিক্পাল সেবিত অষ্টদল পদ্ম আমি সর্ব্বদা যাঁহাকে মানসে সেবা করি, তিনিই জগদাশ্রয়, সংসার সাগর হইতে উৎপন্ন হইয়াছেন ॥ ৬৪ ॥

উৎকৃষ্ট ধ্বজা আতপত্র চিহ্নিত চরণদ্বয় বিস্তার করিতেছেন যথা। (চন্দ্র সূর্য্যাত্বিষ ইতি)

মূ চন্দ্র সূর্য্যত্বিষোদিব্যধ্বজা মেরুর্হিরণ্ময়ঃ।
আতপত্রং ব্রহ্মলোকমধোর্দ্ধং চরণং স্মৃতম্ ॥ ৬৫ ॥

দিব্যধ্বজাত পত্রৈশ্চিহ্নিতং চরণদ্বয়ং ব্যাকরোতি চন্দ্রসূর্য্যাত্বিষ ইতি। চন্দ্রসূর্য্যত্বিষঃ এব দিব্যাঃ ধ্বজাঃ মেরুরিতি। মেরুঃ পর্ব্বতঃ সএব হিরণ্ময়ঃ ছত্র দণ্ডঃ। আতপত্রমিতি। ব্রহ্মলোকঃ এব আতপত্রং দণ্ডস্থানীয় মেরূপরি বর্ত্তমানত্বাৎ। অধোর্দ্ধমিতি। ব্রহ্মাণ্ডস্য অধঃ ঊর্দ্ধং চরণং চরণদ্বয়ং স্মৃতম্ ইত্যর্থঃ। অধোর্দ্ধমিতি সন্ধিঃ চরণমিতি ক্লীবত্বঞ্চ ছান্দসম্ ॥ ৬৫ ॥

যাঁহার চন্দ্র সূর্য্যাদি জ্যোতিঃ সকলই দিব্য ধ্বজা, তেজোরাশি সুমেরু পর্ব্বতই ছত্রের দণ্ড, এবং সুমেরুর মস্তকস্থ ব্রহ্মলোকই ছত্র এবং ব্রহ্মাণ্ডের অধঃ উর্দ্ধই চরণদ্বয় হইয়াছে ॥ ৬৫ ॥

ভগবান্ নারায়ণদেব পদ্মযোনি ব্রহ্মাকে শ্রীবৎসলাঞ্ছন শব্দের অর্থ বলিতেছেন। যথা। (শ্রীবৎসঞ্চেতি)

মূ শ্রীবৎসঞ্চ স্বরূপঞ্চ বর্ত্ততে লাঞ্ছনৈঃ সহ।
শ্রীবৎস লাঞ্ছনং তস্মাৎ কথ্যতে ব্রহ্মবাদিভিঃ ॥ ৬৬ ॥

শ্রীবৎসলাঞ্ছন শব্দার্থমাহ। ব্রহ্মবাদিভিঃ তস্মাৎ হেতোঃ শ্রীবৎসলাঞ্ছনং কথ্যতে যস্মাৎ লাঞ্ছনৈঃ সহিতং শ্রীবৎসং শ্রীবল্লভং স্বরূপম্ এব পরমেশ্বরস্য বর্ত্ততে ইত্যর্থঃ। আহিতাগ্ন্যাদিত্বাৎ শ্রীবৎস শব্দস্য পূর্ব্বনিপাতঃ ॥ ৬৬ ॥

যিনি লাঞ্ছন অর্থাৎ শুক্লবর্ণ চন্দ্রাকৃতিলোম চিহ্নের সহিত শ্রী অর্থাৎ লক্ষ্মীর বল্লভ হইয়াছেন অতএব ব্রহ্মজ্ঞ ব্যক্তিরা তাঁহাকে শ্রীবৎস লাঞ্ছন বলিয়া থাকেন ॥ ৬৬ ॥

কৌস্তুভ শব্দের অর্থ যথা। (যেন সূর্য্যাগ্নিবাগিতি)

মূ যেন সূর্য্যাগ্নি বাক্ চন্দ্রং তেজসা স্ব স্ব রূপিণা।
বর্ত্ততে কৌস্তুভাখ্যং হি মণিং বদন্তীশমানিনঃ ॥ ৬৭ ॥

কৌস্তুভ শব্দার্থমাহ যেন সূর্য্যাদিবাগিতি। কঃ অর্কঃ অঃ বাক্ ঔঃ চন্দ্রাগ্নী ইত্যস্য একস্য একদেশ সাম্যাৎ অকারস্তু বর্ণ সাম্যাৎ বাক্ এতৎ সর্ব্বং স্তোভন্তি পরতন্ত্র তয়া যেন স্বস্বরূপিণা তেজসা প্রবর্ত্ততে তং চিৎ স্বরূপমেব ঈশমানিনঃ ঈশ্বরারাধকাঃ কৌস্তুভাখ্যং মণিং বদন্তি ॥ ৬৭ ॥

সূর্য্য অগ্নি বাক্ চন্দ্র ইহাঁরা নিজ নিজ তেজের সহিত যৎ কর্তৃক্ বর্ত্তমান হইয়াছেন সেই চিৎ স্বরূপকে ঈশ্বরোপাসকেরা কৌস্তুভ মণি বলিয়া থাকেন ॥ ৬৭ ॥

ভুজচতুষ্টয়যথা। (সত্ত্বং রজস্তম ইতি)

মু সত্ত্বং রজস্তম ইতি অহঙ্কারশ্চতুর্ভুজঃ।
পঞ্চ ভূতাত্মকং শঙ্খং করে রজসি সংস্থিতম্ ॥ ৬৮ ॥

চতু র্গুণিতং ভুজং বিবৃণোতি সত্ত্বংরজস্তম ইতি অহঙ্কারশ্চতুর্ভুজ ইতি। গুণত্রয়ম্ অহঙ্কারঃ চ ইতি চতুর্ভুজঃ ইত্যর্থঃ। গুণক্রমেণ সত্ত্বস্যাদৌ নির্দ্দিষ্টত্বেপি আয়ুধক্রম মনুকধ্যাদৌরজঃ করস্থিতং শঙ্খং বিবৃণোতি পঞ্চভূতাত্মকমিতি। পঞ্চভূতাত্মকং শঙ্খং রজোগুণরূপে করে সংস্থিতং বুধা বিদুঃ। রজোগুণজন্য ক্রিয়োৎপাদ্যত্বাদিত্যর্থঃ ॥ ৬৮

যাঁহার সত্ত্ব রজঃ তমঃ তিন গুণ এবং অহঙ্কার এই চারিটী বাহু হইয়াছে আর পঞ্চ ভূতাত্মক শঙ্খ রজোগুণরূপ হস্তে অবস্থিতআছে ॥ ৬৮ ॥

চক্র শার্ঙ্গ পদ্ম যথা। (বাল স্বরূপ মিতি)

মু বাল স্বরূপ মত্যন্তং মনশ্চক্রং নিগদ্যতে।
আদ্যামায়া ভবেচ্ছার্ঙ্গং পদ্মং বিশ্বং করে স্থিতম্ ॥ ৬৯ ॥

বাল স্বরূপমিতি। অত্যন্তং যঃ বালঃ তদ্বিশুদ্ধং মনঃ এব সত্ত্বাখ্যে করেস্থিতং চক্রং নিগদ্যতে ইতি। আদ্যা জগন্মূল কারণং মায়া সা এব শার্ঙ্গং বিশ্বাখ্যং পদ্মং চ তমোগুণ লক্ষণে করে স্থিতং নিগদ্যতে তমোগুণায়ত্তস্থিতিকত্বাৎ ॥ ৬৯ ॥

যাঁহার বালবৎ—মনঃ সত্ত্বগুণ রূপি হস্তে অবস্থিত হইয়া চক্র এই সংজ্ঞা প্রাপ্ত হইয়াছে এবং যিনি জগতের মুল কারণ স্বরূপা মায়া, তিনি শার্ঙ্গ হইয়াছেন, আর বিশ্বাখ্য পদ্ম তমোগুণযুক্ত করে অবস্থিত আছে ॥ ৬৯ ॥

গদা এবং কেয়ূর যথা। (আদ্যেতি)

মু আদ্যা বিদ্যা গদাবেদ্যা সর্ব্বদা মে করেস্থিতা
ধর্ম্মার্থ কাম কেয়ূরৈর্দিব্যৈর্দিব্য মহীরিতৈঃ ॥ ৭০ ॥

আদ্যা বিদ্যেতি। আৎ প্রসন্নাৎ বিষ্ণোঃ ভক্তানাং হৃদি সংসার নিরসনায়াবির্ভবতীতি প্রসিদ্ধা যা আদ্যা বিদ্যা ব্রহ্মাহমস্মীতি বিদ্যা সৈব গদা বেদ্যা সর্ব্বদা মে মম করে অহঙ্কারাখ্যে স্থিতা অহংবৃত্তিরূপত্বাৎ। কেয়ূরৈরন্বিতং বাহুং বিবৃণোতি ধর্ম্মার্থ কামেতি। পুরুষার্থ ত্রয়লক্ষণৈঃ কেয়ূরৈঃ অন্বিতম্ ইত্যর্থঃ। কীদৃশৈঃ কেয়ূরৈঃ দিব্য মহাম্ ঈরিতৈঃ প্রবর্ত্তিতৈঃ ॥ ৭০ ॥

আমিই ব্রহ্ম ইত্যাকার জ্ঞান কারিণী যে আদ্যা বিদ্যা তিনিই গদা রূপে বিদিতা হইয়া আমার অহঙ্কারাত্মক করে অবস্থিত আছে, এবং ধর্ম্ম অর্থ কাম এই তিন পুরুষার্থ রূপ উৎকৃষ্ট কেয়ূর দ্বারা আমার বাহু অন্বিত হইয়া দিব্য পৃথিবীতে প্রবর্ত্তিত হইয়াছে॥ ৭০ ॥

মালা দ্বারা কণ্ঠ সুশোভিত বিস্তার করিতেছেন। যথা। (কণ্ঠস্ত্বিতি)

মূ কণ্ঠস্তু নির্গুণং প্রোক্তং মাল্যতে আদ্যয়াঽজয়া।
মালানিগদ্যতে ব্রহ্মংস্তব পুত্রৈস্তু মানসৈঃ ॥ ৭১ ॥

কণ্ঠমালা সুশোভিতমিতি ব্যাকরোতি কণ্ঠস্ত্বিতি। প্রোক্তং প্রাগুক্তঃ কণ্ঠং নির্গুণং ব্রহ্ম জানীয়াৎ ইতিশেষঃ। তৎ ব্রহ্ম আদ্যয়া অজয়া মায়য়া মাল্যতে প্রপঞ্চাভরণেন ভূষ্যতে অতোহেতোঃ তব মানসৈঃ পুত্রৈঃ সনকাদিভিঃ তু আদ্যা মায়া মালা নিগদ্যতে ইত্যর্থঃ ॥ ৭১ ॥

পূর্ব্বে কথিত হইয়াছে যে কণ্ঠ নির্গুণ ব্রহ্ম, যিনি তাঁহাকে প্রপঞ্চরূপ আভরণ দ্বারা অলঙ্কৃত করিয়াছেন এজন্য তোমার মানস পুত্র সনকাদি আদ্যা মায়াকে মালারূপে নির্দ্দেশ বলিয়াথাকেন ॥ ৭১ ॥

কিরীট এবং কুণ্ডল দ্বয় যথা— (কূটস্থমিতি)

মূ কূটস্থং সংস্বরূপঞ্চ কিরীটং প্রবদন্তিমাং।
ক্ষরোত্তমং প্রস্ফুরন্তং কুণ্ডলং যুগলংস্মৃতং ॥ ৭২ ॥

ভ্রমৎ কিরীটমিতি ব্যাকরোতি। বুধাঃ কূটস্থং সৎ স্বরূপং মাং কিরীটং প্রবদন্তি সর্ব্বশ্রেষ্ঠত্বাদিতি শেষঃ। স্ফুরন্মকর কুণ্ডলমিতি ব্যাকরোতি ক্ষরোত্তমমিতি। ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি স্থির জঙ্গমানি উত্তমঃ জীবশ্চ এতৎ যুগলং দ্বয়ং স্মৃতং প্রসিদ্ধং কুণ্ডলং প্রবদন্তি ইতি সম্বন্ধঃ ॥ ৭২ ॥

আমিই কূটস্থ নিত্য স্বরূপ একারণ পণ্ডিতগণ আমাকে কিরীট বলিয়া নির্দ্দেশ করেনএবংস্থাবর জঙ্গম প্রভৃতি ভূত এবং জীব এই উভয়কে আমার কুণ্ডল বলিয়া থাকেন ॥ ৭২

কুণ্ডলান্তর বিশিষ্ট স্বরূপ ধ্যানের ফল বলিতেছেন। যথা।— (ধ্যায়েদিতি)

মূ ধ্যায়েন্মম প্রিয়োনিত্যং সমোক্ষ মধিগচ্ছতি।
সমুক্তো ভবতিতস্মৈ আত্মানং দদামি বৈ ॥ ৭৩ ॥

কুণ্ডলান্তর্ব্বিশিষ্ট স্বরূপধ্যান ফলমাহ ধ্যায়েতি। যঃ কুণ্ডলান্তর্ব্বিশিষ্টং মাং ধ্যায়েৎ স মোক্ষ মধি গচ্ছতি। মোক্ষস্তু সর্ব্বানর্থ নিরৃত্তি রূপঃ পরমানন্দাবাপ্তিশ্চেতি ব্যাকরোতি। সমুক্তোভবতি তস্মৈ আত্মানং দদামীতি দ্বিতীয়পাদঃ ছান্দসত্বাৎ সপ্তাক্ষরঃ। সঃ উক্তো ধ্যাতা অবিদ্যা কামকর্ম্মেভ্যো বিমুক্তো ভবতি অহং তস্মৈ আত্মানং সদানন্দরূপং দদামি ইত্যর্থঃ ॥ ৭৩ ॥

যে ভক্ত কুণ্ডলান্তর্বিশিষ্ট আমাকে ধ্যান করেন তিনি সর্ব্বানর্থ নিরৃত্তি ও পরমানন্দ প্রাপ্তিরূপ মোক্ষলাভ করেন এবং সেই ধ্যানকর্ত্তা অবিদ্যা কাম কর্ম্ম হইতে মুক্ত হয়েন, এবং আমি তাঁহাকে পরমানন্দ স্বরূপ আত্ম প্রদান করি, অর্থাৎ তাঁহার প্রেম বশ্য হই ॥ ৭৩ ॥

কথিত ধ্যানকে উপসংহার করিতেছেন। যথা।—
(এতৎ সর্ব্বমিতি)

মূ এতৎসর্ব্বং ভবিষ্যদ্বৈ ময়াপ্রোক্তং বিধে তব।
স্বরূপং দ্বিবিধঞ্চৈব স গুণং নিগুর্ণাত্মকম্ ॥ ৭৪ ॥

উক্ত ধ্যানমুপ সংহরতি এতৎ সর্ব্বমিতি। স্পষ্টং ॥ ৭৪ ॥

ব্রহ্মন্! এই সকল ভবিষ্যৎ তোমাকে কহিলাম, কিন্তু আমার শরীর সগুণ ও নির্গুণ রূপে দুই প্রকার হইয়াছে ॥ ৭৪

উল্লিখিত ধ্যান শুনিয়া পদ্মযোনি নারায়ণ দেবকে জিজ্ঞাসা করিলেন। যথা— (সহোবাচেতি)

মূ সহোবাচাব্জযোনিঃ ব্যক্তানাং মূর্ত্তিনাং প্রোক্তানাং কথংত্বাভরণানি ভবন্তি কথং বা দেবা যজন্তি রুদ্রা যজন্তি ব্রহ্মা যজতি ব্রহ্মজা যজন্তি বিনায়কা যজন্তি দ্বাদশাদিত্যা যজন্তি বসবো যজন্তি অপ্সরসো যজন্তি গন্ধর্ব্বা যজন্তি স্বপদানুগাহন্তর্দ্ধানে তিষ্ঠতি কা কাংমনুষ্যা যজন্তি ॥ ৭৫ ॥

সহোবাচেতি। প্রাগুক্ত মূর্ত্তীনামাভরণ যজন বিধিং জিজ্ঞাসুঃ সঃ হঃ অব্জযোনিঃ ইতি উবাচ ইত্যর্থঃ। ব্যক্তানাং মূর্ত্তীনামিতি। প্রাগুক্ত দ্বাদশ মূর্ত্তিষু ব্যক্তানং মূর্ত্তীনাং তু কথম্ আভরণানি ভবন্তি। কথং বা দেবা যজন্তি রুদ্রা যজন্তি ব্রহ্মা যজতি ব্রহ্মজা যজন্তি বিনায়কা যজন্তি দ্বাদশাদিত্যা যজন্তি বসবো যজন্তি অপ্সরসো যজন্তি ইতি স্পষ্টং। কথং যজন্তি কাং চ যজন্তি ইত্যর্থঃ। স্বপদানুগা চ কা তিষ্ঠতি ইতি প্রশ্নার্থঃ। কাং মনুষ্যা ইতি যজন্তি কাং মূর্ত্তিং, মনুষ্যাঃ কথং চ ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

পূর্ব্বকথিত মূর্ত্তি সকলের আভরণ ও পূজন প্রকার জিজ্ঞাসু হইয়া অব্জযোনি ব্রহ্মা প্রশ্ন করিলেন, ভগবন্!

পূর্ব্বোক্ত মূর্ত্তি সকলের কিরূপে আভরণ হয় এবং দেবতারা কাঁহার পূজা করেন, রুদ্রগণ কাঁহাকে পূজা করেন, ব্রহ্ম পুত্র-সনকাদি কাঁহার পূজাকরেন, বিনাযক গণ কাঁহাকে পূজাকরেন, দ্বাদশ আদিত্যেরা কাঁহাকে পূজাকরেন, গন্ধর্ব্ব গণ কাঁহাকে পূজাকরেন এবং স্বপদানুগা কে, আর অন্তর্দ্ধানেই বা কে থাকেন ও মনুষ্যেরা কোন্ মূর্ত্তির পূজা-করে ॥ ৭৫ ॥

মু সহোবাচ তংহিবৈ নারায়নো দেব আদ্যা
অব্যক্তা দ্বাদ শমূর্ত্তয়ঃ সর্ব্বেষু লোকেষু
সর্ব্বেষু দেবেষু সর্ব্বেষু মনুষ্যেষু তিষ্ঠন্তি ॥ ৭৬ ॥

সহোবাচেতি। সঃ এব ব্রহ্মণা পৃষ্ঠঃ নারায়ণঃ দেবঃ তং ব্রহ্মাণং নিশ্চিতম্ উবাচ ইত্যর্থঃ। অত্রাব্যক্ত মূর্ত্তীনাং কথমাভরণানি ভবন্তি ইত্যেক প্রশ্নঃ। কথং দেবা যজন্তি ইতি দ্বিতীয়ঃ। কাং মূর্ত্তিং কে যজন্তি ইতি তৃতীয়ঃ প্রশ্নো বাশব্দাদভিমতঃ। তত্র আদ্য প্রশ্নে মূর্ত্তীনা মব্যক্তত্বান্নাভরণানি বক্তব্যানি ইত্যুত্তরমভিপ্রেত্যাহ আদ্যা অব্যক্তা দ্বাদশ মূর্ত্তয়ঃ সর্ব্বেষু লোকেষু সর্ব্বেষু দেবেষু সর্ব্বেষু মনুষ্যেষু তিষ্ঠন্তীতি। আদ্যাঃ অনাদয়ঃ ইত্যর্থঃ। শেষং স্পষ্টম্ ॥ ৭৬ ॥

চতুরানন নারায়ণ দেবকে তিনটী প্রশ্ন করেন, অব্যক্ত মূর্ত্তি সকলের কি রূপে আভণ হয়? দেবাদি কিপ্রকারে পূজা-করেন? এবং কে কোন মূর্ত্তির অর্চ্চনা করিয়া থাকেন? ভগবান্ নারায়ণ ব্রহ্মাকর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া নিশ্চয় রূপে কহিলেন ব্রহ্মন্! তোমার প্রথম প্রশ্নের উত্তর এই যে উল্লিখিত দ্বাদশ মূর্ত্তিই অনাদি ও অব্যয়, সুতরাং তাঁহাদের আভরণ হইতে পারে না, তাঁহারা সকল লোকে, সকল দেবে এবং যাবন্ত মনুষ্য অবস্থিত আছেন ॥ ৭৬ ॥

কে কোন্ মূর্ত্তির পূজা করেন এই তৃতীয় প্রশ্নের উত্তর মধ্যে দ্বিতীয় প্রশ্ন সন্নিবেশিত করিয়া কহিলেন, যথা। (রুদ্রেষ্বিতি)

মু রুদ্রেষু রৌদ্রী ব্রহ্মণ্যেবং ব্রাহ্মী দেবেষু দৈবী
মানুষেষু মানবী বিনায়কেষু বিঘ্ননাশিনী
আদিত্যেষু জ্যোতি র্গন্ধর্ব্বেষু গান্ধর্ব্বী অপসরঃ
স্বেবং গৌর্বসুষ্বেবং কাম্যা অন্তর্দ্ধানে প্রকাশিনী ॥ ৭৭ ॥

কাংমূর্ত্তিং কে যজন্তি ইতি তৃতীয় প্রশ্নস্যোত্তরং সংজ্ঞা কীর্ত্তনেন বদন্নেব সর্ব্বেষু দেবেষু তিষ্ঠন্তি, ইত্যেতৎ বিবৃণোতি রুদ্রেষু রৌদ্রী ব্রহ্ম ণ্যেবং ব্রাহ্মী দেবেষু দৈবী মানুষেষু মানবী বিনায়কেষু বিঘ্ননাশিনী আদিত্যেষু জ্যোতিঃ গন্ধর্ব্বেষু গান্ধর্ব্বী অপসরঃ স্বেবং গৌর্বসুষ্বেবং কাম্যা অন্তর্দ্ধানে প্রকাশিনী আবির্ভাবা তিরোভাবা স্বপদে তিষ্ঠতি তামসী রাজসী সাত্ত্বিকীতি। রুদ্রেষু দেবেষু রৌদ্রী নাম্নী মূর্ত্তিঃ, তিষ্ঠতি ইতিব্রুবতা রৌদ্রীংমূর্ত্তিং রুদ্রা যজন্তি, ইতি দ্বিতীয়প্রশ্নস্য উত্তর মুক্তং ভবতি। এবং ব্রহ্মণি ব্রহ্মলোকে ব্রাহ্মী নাম্নী মূর্ত্তিঃ তিষ্ঠতি ইত্যর্থঃ। অত্রাপি ব্রাহ্মী নাম্নীং মূর্ত্তিং ব্রহ্মা যজতীতি দ্বিতীয় প্রশ্ন স্যোত্তরমুক্তং ভবতি। এবমন্যত্রাপি বোদ্ধব্যম্। অন্তর্দ্ধানে চ কা মূর্ত্তি স্তিষ্ঠতীত্যস্যোত্তর মাহ, অন্তর্দ্ধানইতি। প্রাকাশিনী নাম্নী মূর্ত্তিঃ অন্ত র্দ্ধানে তিরোধনে, তিষ্ঠতি, প্রকাশ পূর্ব্বকত্বাৎ তিরোধানস্যেত্যর্থ ॥ ৭৭ ॥

হে ব্রহ্মন্! রুদ্রগণে রৌদ্রী, ব্রহ্ম লোকে ব্রাহ্মী, দেব গণে দৈবী, মনুষ্য লোকে মানবী, বিনায়কগণে বিঘ্ন নাশিনী, আদিত্যে জ্যোতিঃ, গন্ধর্ব্বগণে গান্ধর্ব্বী, অপ্সরঃ গণে গৌ, অষ্টবসুতে কাম্যা ইত্যাদি মূর্ত্তি সকল প্রতিষ্ঠিতা ও পূজিতা হয়েন ॥ ৭৭ ॥

কে স্বপদানুগা এই প্রশ্নের উত্তর বলিতেছেন। যথা (আবির্ভাবেতি)

মূ আবির্ভবা হ তিরোভাবা স্বপদে তিষ্ঠতি তামসী
রাজসী সাত্ত্বিকী মানুষী বিজ্ঞানঘন আনন্দঘন
সচ্চিদানন্দৈক রসে ভক্তিযোগে তিষ্ঠতি ॥ ৭৮ ॥

কাস্বপদানুগা ইত্যস্যোত্তর মাহ। অবির্ভাবো বিদ্যতে যস্যাঃ সা অবির্ভাবা, নবিদ্যতে তিরোভাবো যস্যাঃ সা অতিরোভাবা, আবির্ভাবা চাসৌ অতিরো ভাবাচ আবির্ভাবা তিরোভাবা এতন্নাম্নী মূর্ত্তিঃ স্বপদে কৈলাস সত্যলোক বৈকুণ্ঠ লোকাখ্যে তিষ্ঠতি ইত্যর্থঃ। তস্যাস্ত্রৈবিধ্যমাহ, তামষী রাজসী সাত্ত্বিকীতি। মানুষী কুত্র তিষ্ঠতি ইত্যস্যোত্তরমাহ, মানুষী বিজ্ঞান ঘন আনন্দঘন সচ্চিদা নন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতীতি বিজ্ঞানঘনানন্দ নাম্নী মানুষী মনুষ্যা প্রসিদ্ধা মূর্ত্তিঃ সচ্চিদানন্দৈকরসঃ যঃ ভক্তিযোগঃ তত্রতিষ্ঠতীত্যর্থঃ ॥ ৭৮ ॥

যাহার অবির্ভাব আছে কিন্তু তিরোভাব নাই তিনি আবির্ভাবা তিরোভাবা নামে তামসী রাজসী সাত্ত্বিকী রূপে কৈলাস, সত্যলোক ও বৈকুণ্ঠলোকে অবস্থিতা আছেন, আর মানুষী বিজ্ঞান ঘন আনন্দঘন সচ্চিদানন্দৈক রসরূপ ভক্তি যোগে অধিষ্ঠান করিতেছেন ॥ ৭৮ ॥

কে কি রূপে পূজা করেন এই প্রশ্নের উত্তর উপলক্ষে মন্ত্র সকল দর্শাইতেছেন। যথা। (ওঁ প্রাণাত্মনে ইতি)

মূ ওঁ প্রাণাত্মনে ওঁ তৎ সদ্ভূর্ভুবঃ স্বস্তস্মৈবৈ
প্রাণাত্মনে নমো নমঃ ॥ ৭৯ ॥

যিনি প্রাণাখ্য বায়ুর অন্তর্যামী রূপে বর্ত্তমান এবং যাঁহার ভূর্ভুবঃস্ব এই তিন লোক বৈভব অতএব সেই প্রাণাত্মাকে নমস্কার করি ॥ ৭৯ ॥

মূ ওঁ শ্রীকৃষ্ণায় গোবিন্দায় গোপীজন বল্লভায়
ওঁ তৎ সৎ ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮০ ॥

যিনি কৃষ্ণ গোবিন্দ ও গোপীজন বল্লভ এবং যাঁহার ভূর্ভুবঃ স্বঃ এই লোকত্রয় বিভূতি অতএব তাঁহাকে নমস্কার করি ॥ ৮০ ॥

মূ　ওঁ অপানাত্মনে ওঁতৎ সদ্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ অপানা
ত্মনে বৈ নমো নমঃ ॥ ৮১ ॥

যিনি অপান বায়ুর অন্তর্যামী এবং ভূর্ভুবঃ স্বঃ যাঁহার বিভূতি অতএব সেই অপানাত্মাকে নমস্কার করি ॥ ৮১ ॥

মূ　ওঁ কৃষ্ণায় রামায় প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় ওঁ
তৎ সদ্ভূর্ভুবঃ স্ব স্তস্মৈবৈ নমো নমঃ ॥ ৮২ ॥

যিনি কৃষ্ণ, রাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ রূপে চতুর্ব্যূহ এবং ভূর্ভুবঃ স্বঃ যাঁহার বিভূতি তাঁহাকে নমস্কার করি ॥ ৮২ ॥

মূ　ওঁ ব্যানা ত্মনে ওঁতৎ সদ্ভূর্ভুবঃ স্বঃ স্তস্মৈ ব্যানা
ত্মনে বৈ নমো নমঃ ॥ ৮৩ ॥

যিনি ব্যান বায়ুর অন্তর্যামী এবং যাঁহার ভূর্ভুবঃ স্বঃ বিভূতি অতএব সেই ব্যানাত্মাকে নমস্কার করি নমস্কারকরি ॥ ৮৩ ॥

মূ　ওঁ শ্রীকৃষ্ণায় রামায় ওঁতৎ সদ্ভূর্ভুবঃ স্বঃ
স্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৪ ॥

যিনি শ্রীকৃষ্ণ ও রাম এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৪ ॥

মূ　ওঁউদানাত্মনে ওঁতৎ সদ্ভূর্ভুবঃ স্ব
স্তস্মৈ বৈ উদানাত্মনে নমো নমঃ ॥ ৮৫ ॥

যিনি উদানবায়ুর অন্তর্যামী এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব সেই উদানাত্মাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৫ ॥

মূ ওঁ কৃষ্ণায় দেবকী নন্দনায় ওঁ তৎ
সদ্ভূর্ভুবঃ স্ব স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮৬ ॥

যিনি শ্রীকৃষ্ণ ও দেবকী নন্দন এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৬ ॥

মূ ওঁ সমানাত্মনে ওঁ তৎ সদ্ভূর্ভুবঃ
স্ব স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮৭ ॥

যিনি সমান বায়ুর অন্তর্যামী এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বৈভব সেই সমানাত্মাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৭ ॥

মূ ওঁ গোপালায় অনিরুদ্ধায় নিজস্বরূপায়
ওঁ তৎসদ্ভূর্ভুব স্ব স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮৮ ॥

যিনি স্বীয় রূপে গোপাল ও অনিরুদ্ধ এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৮ ॥

মূ ওঁ যোঽসৌ প্রধানাত্মা গোপাল ওঁ তৎ
সদ্ভূর্ভুবঃ স্ব স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮৯ ॥

যিনি এই প্রধানাত্মা গোপাল এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৮৯ ॥

মূ ওঁ যোঽসাবিন্দ্রিয়াত্মা গোপাল ওঁ তৎ
সদ্ভূর্ভুবঃ স্ব স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৯০ ॥

যিনি এই ইন্দ্রিয় গণের অন্তর্যামী গোপাল এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯০ ॥

মু　ওঁ যোহসৌ ভুতাত্মাগোপালঃ ওঁ তৎ
সন্তু ভূর্ব্বঃ স্ব স্তস্মৈবৈ নমোনমঃ ॥ ৯১ ॥

যিনি এই মহাভূতের অন্তর্যামী গোপাল এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯১ ॥

মু　ওঁ যোহসাবুত্তম পুরুষো গোপালঃ ওঁ
তৎসন্তু ভূর্ব্বঃ স্ব স্তস্মৈবৈ নমোনমঃ ॥ ৯২ ॥

যিনি এই পরমাত্মা গোপাল এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯২ ॥

মূ　ওঁ যোহসৌ পরব্রহ্ম গোপালঃ ওঁ
তৎ সন্তু ভূর্ব্বঃ স্ব স্তস্মৈবৈ নমোনমঃ ॥ ৯৩ ॥

যিনি এই নির্বিশেষ ব্রহ্মের প্রতিষ্ঠা স্বরূপ গোপাল এবং ভুরাদি লোকত্রয় যাঁহার বিভুতি তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯৩ ॥

নূ　ওঁ যোহসৌ সর্ব্বভুতাত্মা গোপালঃ ওঁ
তৎ সন্তু ভূর্ব্বঃ স্ব স্তস্মৈবৈ নমোনমঃ ॥ ৯৪ ॥

যিনি এই প্রত্যেক জীবের অন্তর্যামী গোপাল এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯৪ ॥

মূ ওঁ যোঽসৌ জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি মতীত্য তুর্য্যাতী
তো গোপালঃ ওঁ তৎসন্তূ ভূর্ব্বঃ স্ব স্তস্মৈবৈ নমোনমঃ ॥ ৯৫

যিনি জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থায় বিরাট্ হিরণ্যগর্ভ এবং কারণ এই উপাধি ত্রয়কে এবং বাসুদেবাখ্য তুরীয় উপাধিকে অতিক্রম করিয়া গোপাল রূপ প্রকটন করিয়াছেন এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বৈভব অতএব তাঁহাকে নমস্কার করি নমস্কার করি ॥ ৯৫ ॥

মূ একোদেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী
সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতা
ধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নিগুর্ণশ্চ ॥ ৯৬ ॥

নন্বেকস্য কথমনেকাত্মত্বমিত্যাশঙ্ক্য তস্যৈব তত্র প্রবিষ্টত্বাদিত্যাহ, একোদেবইতি। একঃ এব সর্ব্বভূতেষু, গূঢ়ঃ অনু প্রবিষ্টঃ তৎসৃষ্ট্বা তদে বানু প্রাবিশৎ ইতিশ্রুতেঃ। প্রদীপাদিবদ্দেশান্তরাদাগত্য প্রবেশং বারয়তি, সর্ব্বব্যাপীতি। আকাশাদি তুল্যত্বং বারয়তি, সর্ব্বভূতাধিবাস ইতি। সর্ব্বভূতানাম্ অধিবাসঃ অধিষ্ঠানং, সএব কর্ত্তা সএবচ উপাদান মিত্যর্থঃ। পরিণামিতয়োপাদনত্বং বারয়তি, কর্ম্মাধ্যক্ষ ইতি। কর্ম্মফল দাতেত্যর্থঃ। নৈয়ায়িকমতেশ্বরতুল্যত্বং বারযতি, সর্ব্বভূতেতি। সর্ব্ব ভূতানাং শাবকাদীনামপি অন্তরাত্মা ইত্যর্থঃ। অবিদ্যাতুল্যত্বং বারয়তি সাক্ষীতি ঈক্ষণ মাত্রেণৈব কর্ত্তেত্যর্থঃ। জ্ঞানবত্ত্ব ভ্রমং বারযতি, চেতেতি। চিৎ স্বরূপ ইত্যর্থঃ। ননুজ্ঞানস্বরূপশ্চেদাত্মা তদা জ্ঞানস্য বিষয় সম্বন্ধে সত্যোবোদয়ান্মোক্ষদশায়ামাত্মরূপং চৈতন্যং নস্যাদিত্যা শঙ্ক্যাহ, কেবল ইতি। বিষয়াদিভিরনপেক্ষো নিত্যচৈতন্যাত্মা ইত্যর্থঃ। ন চাত্মনি সৃষ্ট্যাদি শক্তীনাং স্বাভাবিকত্বং চেত্তদা মোক্ষদশায়ামপি সৃষ্টেরপরিহার্য্যত্বান্নির্মোক্ষ প্রসঙ্গ ইত্যাহ, নিগুর্ণশ্চেতি। চ শব্দঃ সর্ব্ব বিশেষণৈঃ সমুচ্চয়ার্থঃ ॥ ৯৬ ॥

যিনি এক হইয়া সকল ভূতে অনুপ্রবেশ করিয়াছেন। এবং যিনি সর্ব্বব্যাপী, সকল ভূতের অধিষ্ঠান, কর্ম্মাধ্যক্ষ, অর্থাৎ কর্ম্মফল দাতা। সর্ব্বভূতান্তরাত্মা অর্থাৎ আকাশাদি ভূতেরও অন্তরাত্মা। সাক্ষী অর্থাৎ ঈক্ষণমাত্রেই কর্ত্তা। চিৎ স্বরূপ। কেবল অর্থাৎ বিষয়াদি কর্ত্তৃক অনপেক্ষ্য নিত্য চৈতন্য রূপী। নির্গুণ অর্থাৎ গুণাতীত হইয়াছেন। চ শব্দ বিশেষ. সমুচ্চায়ার্থ॥ ৯৬

কি প্রকারে রুদ্রাদিগণ পূজা করেন এই প্রশ্নের উত্তর বলিতেছেন। যথা। (রুদ্রায় নম ইতি)

মু　রুদ্রায় নমঃ। আদিত্যায় নমঃ। বিনায়কায় নমঃ।
সূর্য্যায় নমঃ। বিদ্যায়ৈনমঃ। রুদ্রায় নমঃ।
অগ্নেয় নমঃ। যমায নমঃ। নির্ঋতয়ে নমঃ।
বরুণায় নমঃ। বায়বে নমঃ। কুবেরায় নমঃ।
ঈশানায়নমঃ। ব্রাহ্মণেনমঃ। সর্ব্বেভ্যোদেবেভ্যোনমঃ॥ ৯৭

কথংরুদ্রা যজন্তীত্যস্যোত্তরমাহ। রুদ্রায় ঈশ্বরায় ইতি মন্ত্রেণ একাদশরুদ্রা যজন্তীত্যর্থঃ মানবাঃ কথং যজন্তীত্যস্যোত্তর মাহ, আদিত্যায়নম ইতি। আদিত্যায় বিষ্ণবেনমঃ। এবং সর্ব্বত্র নমোন্তস্যেব মন্ত্রত্বং বোধ্যম্। কথং দ্বাদশাদিত্যা যজন্তীত্যস্যোত্তরমাহ, সূর্য্যায়নম ইতি। সূতে সর্ব্ব প্রপঞ্চমিতি সূর্য্যঃ জ্যোতিঃ স্বরূপঃ পরমাত্মা ইত্যর্থঃ অনেন মন্ত্রেণাদিত্যা যজন্তীত্যর্থঃ। কথং দেবা যজন্তীত্যস্যোত্তরমাহ। ইন্দ্রায়নমঃ। অগ্নয়েনমঃ। নির্ঋতয়েনমঃ। বরুণায়নমঃ। বায়বেনমঃ। কুবেরায়নমঃ। ঈশানায়নমঃ। ব্রহ্মণেনমঃ। সর্ব্বেভ্যোদেবেভ্যোনমঃ ইতি। সর্ব্বেভ্যঃ বসু গন্ধর্ব্বাপ্সরঃ কিন্নর প্রভৃতিভ্যঃ নমঃ ইত্যর্থঃ॥

রুদ্রায় নমঃ এই মন্ত্রে একাদশ রুদ্র পূজা করেন। আদিত্যায় অর্থাৎ বিষ্ণবে নমঃ এই মন্ত্রে মানবেরা পূজা করেন। সকল প্রপঞ্চকে যিনি প্রসব করেন এই অর্থে সূর্য্য অর্থাৎ

জ্যোতিঃ স্বরূপ পরমাত্মা, সূর্য্যায় নমঃ এই মন্ত্রে দ্বাদশাদিত্য পূজা করেন। ইন্দ্রায় নমঃ এই মন্ত্রে ইন্দ্র পূজা করেন। অগ্নয়ে নমঃ এই মন্ত্রে অগ্নি পূজা করেন। নির্খতয়ে নমঃ এই মন্ত্রে নৈর্খত পূজা করেন। বরুণায় নমঃ এই মন্ত্রে বরুণ পূজা করেন। বায়বে নমঃ এই মন্ত্রে বায়ু পূজা করেন। কুবেরায় নমঃ এই মন্ত্রে কুবের পূজা করেন। ঈশানায় নমঃ এই মন্ত্রে ঈশান পূজা করেন। ব্রাহ্মণে নমঃ এই মন্ত্রে ব্রহ্মা পূজা করেন। সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ এই মন্ত্রে অষ্টবসু, গন্ধর্ব্ব, এবং অপ্সরস্ কিন্নর প্রভৃতি দেবগণকে নমস্কার॥ ৯৭॥

এই রূপে ব্রহ্ম সম্বাদ দ্বারা গান্ধর্বীর প্রশ্নের উত্তর নিরূপণান্তর মুনিবর দুর্ব্বসা ও গান্ধর্বীর কণ্ঠ হইতে প্রশ্নোত্তর অবতরণ করিতেছেন। যথা।— (দত্বাস্তুতিমিতি)

মু দত্বাস্তুতিং পুণ্যতমাং ব্রহ্মণে স্ব স্ব রূপিণে।
কর্ত্তৃত্বং সর্ব্বভূতানামন্তর্দ্ধানে বভুবসঃ॥ ৯৮॥

তদেবং ব্রহ্মসম্বাদেন গান্ধার্ব্বী প্রশ্নোত্তরং নিরূপ্যাথ কণ্ঠতোমুনি গান্ধর্ব্বী প্রশ্নোত্তর মবতারয়তি দত্বাস্তুতিমিতি। সঃ বিষ্ণুঃ স্ব স্ব রূপিণে স্বমূর্ত্তয়ে ব্রহ্মণে পুণ্যতমাং প্রাগুক্তাং স্তুতিং দত্বা তথা সর্ব্বলোকানাং কর্ত্তৃত্বং কর্ত্তৃসামর্থ্যং ব্রহ্মণে দত্বা অন্তর্দ্ধানে বভূব অদৃশ্যো বভূব ॥ ৯৮॥

ভগবান্ বিষ্ণু আপনার মূর্ত্তি স্বরূপ ব্রহ্মাকে পূর্ব্ব কথিতা পুণ্যতমা স্তুতি এবং সকল ভুতের কর্ত্তৃত্ব প্রদান পূর্ব্বক অন্তর্হিত হইলেন॥ ৯৮॥

দুর্ব্বাসা স্বীয় উপদেশ প্রমাণ জন্য গোপীগণকে কহিলেন। যথা। (ব্রহ্মণে ইতি)

মূ. ব্রহ্মণে ব্রহ্ম পুত্রেভ্যো নারদায় তথাশ্রুতম্।
তথা প্রোক্তন্তু গান্ধর্ব্বি গচ্ছধ্বং স্বালয়ান্তিকম্ ॥ ৯৯ ॥

ময়া বেদ তৎ সম্প্রদায়তো যথাশ্রুতং যুষ্মান্ প্রতি তথা প্রোক্তমিত্যাহ ব্রহ্মণে ব্রহ্ম পুত্রেভ্য ইতি। হে গান্ধর্ব্বি ময়া ইদং ব্রহ্মপুত্রেভ্যঃ নারদাৎ যথাশ্রুতং তথা ময়া যুষ্মান্ প্রতি প্রোক্তং। হে গান্ধর্ব্বি সর্ব্বা যূয়ং স্বালয়ান্তিকং স্বাশ্রম প্রদেশং প্রতি গচ্ছধ্বং। আদ্যং ব্রহ্মণে ইতিপদং পূর্ব্বশ্লোকে যোজিতং। নারদায় ইত্যত্র পঞ্চম্যাঃ সুপাং সুলুগিতি সূত্রেণ ডাদেশঃ। আদ্যং তথা ইতিপদং যথা ইত্যর্থে ॥ ৯৯ ॥

প্রথমতঃ এই তাপনী ব্রহ্মার নিকট ব্রহ্মপুত্র সনকাদি শ্রবণ করেন তাঁহাদের নিকট হইতে নারদ এবং নারদ সকাশাৎ আমি যেরূপ শ্রুত হইয়াছি তদ্রূপ তোমাদিগকে কহিলাম সম্প্রতি হে গান্ধর্ব্বি! এক্ষণে তোমরা স্বাশ্রম প্রদেশে গমন কর ॥ ৯৯ ॥

ভবসন্তাপ সন্তান শাতনী তাপনী শ্রুতিঃ। তদর্থবোধিনী টীকা জনার্দ্দন বিনির্ম্মিতা ॥ ১ ॥

ইতি শ্রীমদ্বিশ্বেশ্বর বিরচিতায়াং গোপালতাপনী টীকায়ামুত্তর তাপনী টীকা সমাপ্তা ॥ * ॥

ইতি গোপালতাপন্যাং কান্দিগ্রাম নিবাসি
শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায়াং
উত্তর বিভাগঃ সমাপ্ত ॥ * ॥ ১২৮০।

ফাল্গুণ